মহাকবি কালিদাসের গ্রন্থাবলী।

সান্বয়, সটীক ও সানুবাদ

নলোদয়।

রঘুবংশ, মেঘদূত, ঋতুসংহার, দ্বাত্রিংশৎপুত্তলিকা, নলোদয়, পুষ্পবাণবিলাস,
কুমারসম্ভব, মালবিকাগ্নিমিত্র, শকুন্তলা, বিক্রমোর্ব্বশী,
শ্রুতবোধ, শৃঙ্গারতিলক ও শৃঙ্গাররসাষ্টক।

বহু পণ্ডিতমণ্ডলীর সাহায্যে
শ্রীনবকুমার বসু এণ্ড কোম্পানী দ্বারা
প্রকাশিত।

কলিকাতা;

৪ নং জগন্নাথ সুরের লেন, নব-কাব্যপ্রকাশ যন্ত্রে
শ্রীদীননাথ মান্না দ্বারা মুদ্রিত।

১৩০২ সাল।

নলোদয়ঃ।

―――∘◦∘◦∘―――

প্রথম সর্গঃ।

হৃদয় সদাযাদবতঃ পাপাটব্যা দুরাসদাযাদবতঃ।
অরিসমুদাযাদবতস্ত্রিজগন্মা গাঃ স্মরেণ দাযাদবতঃ ॥১॥
যোজনি নাগোপীতশ্চচার যো বল্লবাঙ্গনাগোপীতঃ।
ভূর্যেনাগোপীতঃ কংসাদ্যো দ্বেষমেব নাগোপীতঃ ॥ ২ ॥

হৃদয় দুরাসদায়াঃ পাপাটব্যাঃ দবতঃ স্মরেণ দায়াদবতঃ অরিসমুদায়াৎ সদা ত্রিজগৎ অবতঃ যাদবতঃ মা গাঃ ॥ ১ ॥

যঃ না গোপীতঃ অজনি যঃ বল্লবাঙ্গনাগোপীতঃ চচার যেন ভূঃ অগোপি যঃ কংসাৎ দ্বেষং এব ইতঃ নাগঃ অপি ইতঃ ॥ ২ ॥

হৃদয়েতি। হে হৃদয় অন্তঃকরণ যাদবতঃ যাদবাৎ যদোরপত্যরূপেণাবতীর্ণাৎ ভগবতো বাসুদেবাৎ। পঞ্চম্যাস্তসিল্। ত্বং মা গাঃ মা গচ্ছেঃ। কথম্ভূতাৎ যাদবতঃ পাপাটব্যাঃ পাপারণ্যাৎ দুরাসদায়াঃ দুঃখেন সোঢ়ুং শক্যায়াঃ দবতঃ দবাগ্নেঃ অরিসমুদায়াচ্ছত্রুসমূহাৎ ত্রিজগৎ ত্রৈলোক্যং সদা অবতঃ পালয়তো রক্ষতঃ। যদ্বা কীদৃশাদ্যাদবতঃ দুরাসদায়াঃ দুঃখেন সোঢ়ুং তর্ত্তুং বা শক্যায়াঃ পাপাটব্যাঃ পাপারণ্যস্থ দবতঃ দবানলাদিতি রূপকম্। পুনঃ কীদৃশাৎ অরিসমুদায়াৎ ত্রৈলোক্যমবতঃ। পুনঃ কীদৃশাৎ স্মরেণ কামেন দায়াদবতঃ পুত্রবতঃ। "দায়াদৌ সুতবান্ধবাবি"ত্যমরঃ॥১॥

য ইতি। যঃ না পুরুষঃ গোপীতঃ যশোদাতঃ অগোপীতো দেবকীতো

হে হৃদয়! তুমি যদুর অপত্যরূপে অবতীর্ণ ভগবান্ বাসুদেবকে পরিহার করিয়া, অন্য কুত্রাপি গমন করিও না। তিনি পাপরূপ অতীব দুরাক্রম্য অরণ্যানীর দবানলস্বরূপ এবং অরিসমুদায় হইতে ত্রিজগৎকে সতত রক্ষা করেন। স্বয়ং কাম তাঁহার পুত্র ॥ ১ ॥

তিনি মনুষ্যবিগ্রহপরিগ্রহপূর্ব্বক দেবকীজঠরে জন্ম গ্রহণ করেন।

যদরিষু সন্নামানস্থিতয়ো যন্নুন্নমুদলসন্নামানঃ।
যত্র সসন্নামানঃ স্যুর্ভবভাজশ্চ পঠিতসন্নামানঃ॥ ৩॥

যদরিষু মানস্থিতয়ঃ সন্নাঃ নাম অনঃ যন্নুন্নং উদলসৎ যত্র সসন্নামা পঠিতসন্নামানঃ চ ভবভাজঃ ন স্যুঃ॥ ৩॥

বা অজনি জাতঃ। যঃ বল্লবা আভীরাস্তেষাং অঙ্গনাস্তাসাং গোভির্নেত্রৈঃ পীতঃ সন্ সাদরং অবলোকিতঃ সন্ চচার। "দিঙ্‌নেত্রঘৃণিভূজলে লক্ষ্যদৃষ্ট্যা স্ত্রিয়াং পুংসি গৌরি"ত্যমরঃ। যেন ভূঃ অগোপি অরক্ষি। যঃ কংসাদ্‌দ্বেষমেব ইতঃ প্রাপ্তঃ। যেন নাগোপি কালিয়ঃ কুবলয়াপীড়োপি বা ইতঃ দূরীকৃতঃ। যদ্বা ইতঃ অস্মাৎ কংসাদ্দ্বেষমেব কেবলং ন অপিতু অগোপি অপরাধমপি ইতঃ প্রাপ্তঃ॥ ২॥

যদরীতি। যস্যারিষু মানস্থিতয়োঽভিমানাদ্যস্থানমিত্যর্থঃ। যদ্বা মানশ্চিত্তসমুন্নতিঃ স্থিতির্মর্য্যাদা মানশ্চ স্থিতয়শ্চেতি দ্বন্দ্বঃ। সন্না অবসন্না জাতা ইত্যর্থঃ। নাম সম্ভাবনায়াং অনঃ শকটং যেন নুন্নং প্রেরিতং সৎ উদলসৎ চচালেত্যর্থঃ। যত্র কৃষ্ণে সসন্নামাঃ নমনং নামঃ সংশ্চাসৌ নামশ্চেতি সন্নামঃ সন্নামেন সহ বর্ত্তমানাঃ সসন্নামাঃ কৃতসম্যঙ্‌নতয়ঃ ভবভাজঃ ন স্যুঃ। কীদৃশাঃ পঠিতসন্নামানঃ। সন্তি চ তানি নামানি চ পঠিতানি বারংবারং গৃহীতানি সন্নামানি গোবিন্দাদীনি যৈস্তে পঠিতসন্নামানঃ। যদ্বা যস্মিন্ মা লক্ষ্মীঃ সসন্না সন্নিকটা "সমীপে নিকটাসন্নসন্নিকৃষ্টসনীড়বদি"ত্যমরঃ। তেনাদূরদেশান্তরবর্ত্তিত্ববিশিষ্টা সমীপস্থিতেতি যাবৎ। আসন্ন ইতি আঙ্ উপসর্গসহিতঃ অয়ং নিরুপসর্গশ্চ পুনঃ পঠিত সন্নামানো ভবভাজঃ ন স্যুঃ॥ ৩॥

এবং গোপীগণ কর্ত্তৃক সপ্রেমে ও সানুরাগে অবলোকিত হইয়া, বিহার করিয়া থাকেন। তিনি পৃথিবীকে রক্ষা ও কালিয়কে দূরীকৃত করিয়াছেন। কংস তাঁহার প্রতি বিদ্বেষপরায়ণ হইয়াছিল॥ ২॥

তাঁহার বিপক্ষপক্ষ কোন কালেই চিত্তসমুন্নতি ও মর্য্যাদা লাভে সমর্থ হয় না। তিনি পদাঘাতে প্রেরণ করাতে, শকট বিচলিত হইয়াছিল। তাঁহার নিকট সম্যক্ রূপে নতভাব প্রদর্শন করিলে, পুনরায় সংসারে জন্ম গ্রহণ করিতে হয় না। লোকে সেই সকল ভক্তের পবিত্র নাম সর্ব্বদা কীর্ত্তন করিয়া থাকে॥ ৩॥

সমনিন্দানবনাশংজনতালিকুলং যথৈব দানবনাশং।
দ্বিরদাদ্দানবনাশং জগচ্চ লভতে যতঃ সদানবনাশং ॥ ৪ ॥
অস্তি সরাজানীতে রামাখ্যো যো গতীঃ পরাজানীতে।
যস্য ররাজানীতে রত্নানি জনঃ কুলে ধরাজানীতে ॥ ৫ ॥

যথা অলিকুলং দ্বিরদাৎ দানবনাশং তথা সমনিন্দানবনা জনতা যত এব শং চ অনবনাশং জগৎ সদা দৈত্যনাশং লভতে ॥ ৪ ॥

সঃ রামাখ্যঃ রাজা অস্তি যঃ নীতেঃ পরাঃ গতীঃ জানীতে অনীতেঃ যস্য ধরাজানি রত্নানি ইতে কুলে জনঃ ররাজ ॥ ৫ ॥

সমেতি। জনতা জনসমূহঃ যতো রাজ্ঞঃ শং কল্যাণং লভতে প্রাপ্নোতি চ পুনঃ জগৎ দানবানাং দৈত্যানাং নাশং মৃত্যুং যতো লভতে। কীদৃশী জনতা সমনিন্দানবনা। ণু স্তুতৌ ধাতোর্ল্যুটি নবনং স্তুতিঃ। নিন্দা চ নবনং চ নিন্দানবনে সমে সমানে নিন্দানবনে যস্যাঃ সা। জগৎ কীদৃশং সদা অনবনাশং অবনং রক্ষণং তস্য আশা অবনাশা ন বিদ্যতে অবনাশা যস্য তৎ অনবনাশং যথা অলিকুলং কর্ত্তৃ হস্তিসকাশাৎ দানবনং দানজলং তস্য আশং অশনং আশস্তং প্রাতরাশং সায়মাশঞ্চ প্রাপ্নোতি তদ্বৎ ॥ ৪ ॥ কুলকম্।

অস্তীতি। স রামাখ্যো রাজাস্তীত্যন্বয়ঃ। রামোঽভিরামঃ সুন্দর ইতি যাবৎ আখ্যা নাম যস্য সঃ। যঃ নীতের্নয়স্য পরা উৎকৃষ্টা গতীঃ জানীতে জানাতি। অনীতেঃ ঈতিরহিততয়া। হেতৌ পঞ্চমী। যস্য কুলে সতি রাজ্যং কুর্ব্বতি সতীতি শেষঃ। জনঃ ররাজ সুখী বভূব। যদ্বা। কীদৃশস্য যস্য অনীতেঃ ঈতিরহিতস্য। ঈতয়োঽতিবৃষ্ট্যাদয়ঃ। কীদৃশে কুলে ধরাজানি ভূম্যুৎপন্নানি রত্নানি ইতে প্রাপ্তে ॥ ৫ ॥

অলিকুল যেমন হস্তীর নিকট মদবারিরূপ আহারীয় প্রাপ্ত হয়, সেইরূপ যাহারা স্তুতি নিন্দাকে সমান জ্ঞান করে, সেই সকল লোক যাঁহা হইতে কল্যাণ লাভ করে এবং যাহার রক্ষাপ্রাপ্তির আশা পরাহত হইয়াছে, সেই জগৎ সর্ব্বদা যাঁহা হইতে দৈত্যগণের বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪ ॥

সেই নলরূপ-পরম-সুন্দর-নামধেয়-বিশিষ্ট এক রাজা ছিলেন। নীতিশাস্ত্রের বিশিষ্টরূপ উপকারিতা অথবা সম্যগ্রূপ কার্য্যকারিতা তাঁহার সবিশেষ বিদিত ছিল। তাঁহার অধিকারে অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ইত্যাদি ষড়বিধ উপদ্রবের নামমাত্র ছিল না। তজ্জন্য, তদীয় রাজ্যসময়ে লোকে

যঃ সেনানাবারিপ্রকরনদীঃ শরময়ং ধুনানাবারি।
অতরন্নানাবারি ব্যসনৈর্যদ্ভুবি বনঞ্চ নানাবারি ॥ ৬ ॥
অপি যো দায়াদায় ক্ষয়প্রদোংহসি সতাং যদায়াদায়ঃ।
করমাদায়াদায় শ্রিয়োব্ধিরধিরাজমসিগদায়াদায়ঃ ॥ ৭ ॥

যঃ সেনানাবা শরময়ং বারি ধুনানাঃ অরিপ্রকরনদীঃ অতরৎ যদ্ভুবি না ব্যসনৈঃ ন অবারি বনং চ নানাবারি ॥ ৬ ॥

যঃ অংহসি দায়াদায় অপি ক্ষয়প্রদঃ যদায়াঃ সতাং দায়ঃ যঃ অধিরাজং করং আদায়াদায়-শ্রিয়ঃ অসিগদাযাদাঃ অব্ধিঃ ॥ ৭ ॥

য ইতি। যঃ সেনানাবা সৈন্যনৌকয়া অরিপ্রকরনদীঃ শত্রুসমূহনদীঃ অতরৎ তীর্ণবান্। কীদৃশীর্নদীঃ শরময়ং বাণময়ং বারি ধুনানাঃ কম্পয়মানাঃ। যদ্ভুবি না পুরুষঃ ব্যসনৈর্ন অবারি ইতি কাকুঃ অপি তু বারিত এব চ। পুনর্যস্য বনং নানাবারি নানাগজবন্ধনযুক্তম্। "বারীতু গজবন্ধনী"ত্য-মরঃ ॥ ৬ ॥

অপীতি। যঃ অংহসি পাপে জাতে দায়াদায় পুত্রায়াপি ক্ষয়প্রদঃ নাশ-কর্ত্তা যদায়াঃ যস্য আয়াঃ ধনাগমনানি সতাং দায়ঃ ন্যায়প্রাপ্তো ভাগঃ। পুনশ্চ যঃ অধিরাজং রাজানমধিকৃত্য করং আদায় শ্রিয়ঃ অব্ধিঃ কীদৃশঃ অসিগদাযাদাঃ অসিশ্চ খড়্গঃ গদা চ অসিগদে যাদাংসি জলজন্তবো যত্র স তথা ॥ ৭ ॥

সুখের পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছিল। তিনি পৃথিবীতে সমুৎপন্ন যাবতীয় উৎকৃষ্ট দ্রব্যজাত অধিকার করিয়াছিলেন ॥ ৫ ॥

তিনি সেনারূপ নৌকা সহায়ে শরময় সলিল কম্পিত করিয়া, অরিসমূহ রূপ নদী উত্তরণ করিয়াছিলেন। তাঁহার অধিকারে কোন ব্যক্তিই ব্যসনা-সক্ত ছিল না। তাঁহার রাজ্যের অন্তর্গত বনবিভাগ বিবিধ গজবন্ধনে অল-স্কৃত ছিল ॥ ৬ ॥

পুত্র অপরাধ করিলে, তাহাকেও তিনি বিনাশ করিতেন। তিনি উপার্জ্জিত অর্থসম্পত্তি সাধুদিগকে ন্যায়ানুসারে বিভাগ করিয়া দিতেন। তিনি রাজাদিগের নিকট কর আদায় করিয়া, শ্রীর সাগরস্বরূপ হইয়া-ছিলেন। খড়্গ ও গদা সকল সেই সাগরের জলজন্তুস্বরূপ ॥ ৭ ॥

অবিদূরাজাদিত্যা কৃতাল্পভেদৈব ভূঃ সরাজাদিত্যা।
যেন সরাজাদিত্যাৎ ত্রিদিবাৎ সংযুক্তশক্ররাজাদিত্যা ॥ ৮ ॥
খলসেনানাবেদ্য স্বাংহোঽব্ধৌ ভুবি চ যস্য নানাবেদ্যঃ।
স্নিগ্ধজনানাবেদ্য প্রযতেঽস্য সুকাব্যবিরচনানাবেদ্য ॥ ৯ ॥

যেন অবিদূরাজ্ঞা সরাজাদিত্যা ভূঃ অদিত্যা সরাজাদিত্যাৎ ত্রিদিবাৎ অল্পভেদা কৃতা এব সংযুক্তশক্র রাজা দিত্যা ॥ ৮ ॥

স্নিগ্ধজনান্ আবেদ্য স্বাংহোঽব্ধৌ সুকাব্যবিরচনানাবে অস্য অদ্য প্রযতে যঃ খলসেনাঃ ন অবেৎ যস্য চ ভুবি নানাবেদ্যঃ ॥ ৯ ॥

অবীতি। যেন ভূস্ত্রিদিবাৎ স্বর্গাদল্পভেদৈব কৃতা। কীদৃশী ভূঃ অবিদূরাজ্ঞা অবিদূরে নিকটে অজৌ বিষ্ণুহরৌ যস্যাঃ সা তথা। কীদৃশাৎ ত্রিদিবাৎ অদিত্যা দেবমাত্রা বিশিষ্টাৎ। বিশেষণে তৃতীয়া। পুনর্ভূঃ কীদৃশী সরাজাদিত্যা দিতায়চ্ছেদায় হিতাঃ দিত্যাঃ ন দিত্যাঃ অদিত্যাঃ সাধব ইতি যাবৎ। রাজসু ক্ষত্রিয়েষু অদিত্যাঃ রাজাদিত্যাঃ তেন সহ বর্ত্তমানা সা তথা সক্ষত্রিয়শ্রেষ্ঠেত্যর্থঃ। অথবা রাজাদিত্যনামা নলভ্রাতা তেন সহ বর্ত্তমানা। যদ্বা। রাজ্ঞাং মধ্যে আদিত্যো রাজাদিত্যস্তেন যুক্তেত্যর্থঃ। পুনঃ কীদৃশাৎ ত্রিদিবাৎ সরাজাদিত্যাৎ রাজা চন্দ্রঃ রাজা চ আদিত্যশ্চ রাজাদিত্যৌ তাভ্যাং সহ বর্ত্তমানাৎ। যেন কীদৃশেন অদিত্যা সংযুক্তশক্ররাজা দিতির্দানমবখণ্ডনমিতি যাবৎ। দো অবখণ্ডনে। তয়া সংযুক্তঃ শক্ররাট্ যস্য স তথা তেন সখণ্ডনশক্রণেত্যর্থঃ ॥ ৮ ॥

খলেতি। স্নিগ্ধজনান্ আবেদ্য নিবেদ্য স্বাংহোঽব্ধৌ স্বকীয়ং যদংহঃ পাপং তদেব অব্ধিস্তত্র সুষ্ঠু যৎ কাব্যং তস্য রচনা সৈব নৌর্নৌকা তস্যৈ

তাঁহার অধিকারে স্বয়ং ভগবান্ বিষ্ণু ও হর পৃথিবীর অতিদূরে বিরাজ করিতেন এবং ভূরিভূরি ক্ষত্রিয়শ্রেষ্ঠ অবতরণ করিয়াছিল। এই কারণে তিনি পৃথিবীকে অদিতি, চন্দ্র ও সূর্য্যের সহিত বিরাজমান স্বর্গের সহিত স্বল্পমাত্র-প্রভেদ-বিশিষ্ট করিয়াছিলেন। তাঁহার প্রভাবে প্রধান প্রধান শক্র সকল খণ্ডিত বা হতপ্রভাব হইয়াছিল ॥ ৮ ॥

অদ্য স্বভাবতঃ-সরলচিত্ত পক্ষপাতবিহীন ব্যক্তিদিগকে আবেদন করিয়া, স্বকীয় পাপরূপ-সাগর-সমুত্তরণের নৌকাস্বরূপ পরমমনোজ্ঞ কাব্য-রচনার জন্য সেই রাজা নলের চরিতবর্ণনে সমুদ্যত হইলাম। তিনি দুষ্ট

অথ নিজরাজ্যন্তেন প্রাশাসি নলেন শক্ররাজ্যন্তেন।
যেনারাজ্যন্তেনশ্রিয়া দিশো যস্য বিহতিরাজ্যন্তেন॥১০॥
মূর্ত্তিং মারসমানাং যো দধদায়ুঃ সহস্রমারসমানাম্।
রুদ্রকুমারসমানামজয়দ্দ্বিষতাম্পংক্তিমারসমানাম্॥১১॥

অথ ইনশ্রিয়া যেন দিশঃ অরাজ্যন্ত যস্য আজ্যন্তে বিহতিঃ ন শক্ররাজ্যন্তেন নলেন নিজরাজ্যং প্রাশাসি॥ ১০॥

যঃ মারসমানাং মূর্ত্তিং দধৎ সমানাং সহস্রং আয়ুঃ আর দ্বিষতাং রুদ্রকুমারসমানাং আরসমানাং পংক্তিং অজয়ৎ॥ ১১॥

অস্য রামাখ্যস্য অদ্য ইদানীং প্রযতে যত্নং কুর্ব্বে। যস্য কস্য যঃ খলসেনাঃ দুষ্টসৈন্যং ন অবেৎ ন রক্ষেৎ। পুনঃ যস্য ভুবি সংসারে নানাবেদ্যঃ নানাপ্রকারিকা বেদ্যঃ যজ্ঞভূমিমণ্ডপপ্রদেশাঃ সন্তি॥ ৯॥

অথেতি। তেন নলেন নিজরাজ্যং প্রাশাসি শাসিতম্। কীদৃশেন শক্ররাজ্যন্তেন শত্রূণাং রাজ্যাঃ শক্রশ্রেণ্যা অন্তেন মৃত্যুনা। যেন দিশঃ অরাজ্যন্ত অশোভন্ত। কীদৃশেন ইনশ্রিয়া ইনবৎ সূর্য্যবৎ শ্রীঃ শোভা যস্য স তথা তেন। যস্য চ আজ্যন্তে আজির্যুদ্ধং তস্য অন্তে মধ্যে বিহতির্ন সর্ব্বত্র জয় এবেত্যর্থঃ॥ ১০॥

মূর্ত্তিমিতি। যঃ সমানাং বর্ষাণাং সহস্রমায়ুঃ আর প্রাপ। ঋ প্রাপণে ধাতোঃ পরোক্ষায়াং আর। কিং কুর্ব্বন্ মারসমানাং কামতুল্যাং মূর্ত্তিমাকারং দধৎ ধারয়ন্। যশ্চ দ্বিষতাং শত্রূণাং পংক্তিং শ্রেণীমজয়ৎ জিতবান্। কীদৃশীং রুদ্রকুমারসমানাং রুদ্রকুমারঃ কার্ত্তিকেয়ঃ তদ্বৎ সমানাং মানেন সহ বর্ত্তমানাম্। পুনঃ কীদৃশীং আরসমানাং শব্দায়মানাম্॥ ১১॥

সৈন্যদিগকে রক্ষা করিতেন না। তাঁহার অধিকারে পৃথিবী নানাপ্রকার যজ্ঞভূমি-মণ্ডপ-প্রদেশে অলঙ্কৃতা হইয়াছিলেন॥ ৯॥

শক্র সকলের সাক্ষাৎ মৃত্যু, সূর্য্যসদৃশ-প্রভাববিশিষ্ট, অপ্রতিহত-যোদ্ধা সেই রাজা নল সমুদায় দিঙ্মণ্ডল সুশোভিত করিয়া, স্বকীয় রাজ্য শাসন করিয়াছিলেন॥ ১০॥

তাঁহার আকৃতি সাক্ষাৎ কন্দর্পের ন্যায়। তিনি সহস্রবর্ষ পরমায়ু লাভ করিয়াছিলেন এবং যুদ্ধে কার্ত্তিকেয়ের ন্যায় প্রভাববিশিষ্ট ও তারস্বরে শব্দায়মান শক্র সকলকেও পরাহত করেন॥ ১১॥

সাশ্বনিয়ামানয়তঃ শ্রেষ্ঠা বিদ্যাস্তদাশ্রয়ামানয়তঃ।
অধিকায়ামানয়তঃ শত্রাবপি যস্য ধীর্দ্দয়ামানয়তঃ ॥ ১২ ॥
অহিতানামাযস্য ত্রাতা যঃ শরণগামিনামাযস্য।
গতনানামাযস্য শ্রুতঃ পিতা বীরসেননামাযস্য ॥ ১৩ ॥

তদাশ্রয়াঃ সাশ্বনিয়ামাঃ বিদ্যাঃ মানয়তঃ যতঃ শ্রেষ্ঠাঃ ন শত্রৌ অপি দয়াং আনয়তঃ যস্য ধীঃ মা নয়তঃ অধিকায়া ॥ ১২ ॥

যঃ আযস্য শরণগামিনাং অহিতানাং আয়স্য ত্রাতা গতনানামায়স্য যস্য বীরসেননামা পিতা শ্রুতঃ ॥ ১৩ ॥

সাশ্বেতি। তদাশ্রয়াস্তস্য নলস্যাশ্রয়া ঋতুপর্ণপ্রভৃতয়ঃ যতো নলাৎ শ্রেষ্ঠা ন ভবন্তীত্যধ্যাহার্য্যম্। কীদৃশাৎ নিয়মন্নিয়ামঃ অশ্বনিয়ামেন সহ বর্ত্তমানাঃ বিদ্যাঃ মানয়তঃ জানতঃ। "নিয়ামো নিয়মো যাম"ইত্যমরঃ। যস্য মা লক্ষ্মীঃ নয়তঃ নীতিতঃ অধিকায়া অধিক আয়ো যস্যাঃ সা। কীদৃশস্য শত্রাবপি দয়াং আনয়তঃ কুর্ব্বতো ধীঃ জিঘাংসারহিতেতি শেষঃ ॥ ১২ ॥

অহিতেতি। যো নলঃ শরণগামিনাং শরণগতানাং অহিতানাং শত্রূণাং অপীতি শেষঃ। আযস্যোদ্যমং কৃত্বা ত্রাতা রক্ষিতা। পুনঃ আয়স্য ধনাগমস্য। যস্য চ বীরসেননামা পিতা শ্রুতো বিখ্যাতঃ। কীদৃশস্য গতা নানামায়াঃ যস্যাসৌ তস্য। আয়স্যেতি যসু প্রযত্নে ধাতোঃ ক্ত্বায়াং ল্যপি ॥ ১৩ ॥

ঋতুপর্ণ প্রভৃতি তাহাঁর আশ্রিত ছিলেন। এইজন্য তাহাঁরা কখনই তাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ হইতে পারেন নাই। তিনি অশ্বনিয়মনবিদ্যায় পারদর্শী ছিলেন এবং নীতিবিদ্যাপ্রভাবে অধিকতর আয়শালিনী লক্ষ্মী লাভ করিয়াছিলেন। তাঁহার চিত্তবৃত্তি শক্ররও প্রতি কারুণ্যরসপরবশ ছিল ॥ ১২ ॥

তিনি সবিশেষ উদ্যম প্রকাশ পুরঃসর শরণাগতগণের রক্ষা এবং আপনার আয়ের বিশিষ্ট বিধানে সমাধান করিতেন। তাঁহার পিতা বীরসেন নামে বিখ্যাত। তিনি সর্ব্ববিধ কপট পরিহার করিয়াছিলেন ॥ ১৩ ॥

ভুব্যতনোদন্তেন দ্বিষতাং স যশাংসি শোভনোদন্তেন।
নীতানোদন্তেন ক্ষিতিমভজন্নহিতদন্তিনোদন্তেন ॥ ১৪ ॥
সচিবগিরাগোপায়ন্নলঃ স পৃথিবীং নিরস্তরাগোপায়ম্।
শত্রোরাগোপায়ং নীত্বা নেমুর্ম্মহত্তরাগোপায়ম্ ॥ ১৫ ॥

সঃ ভুবি দ্বিষতাং অন্তেন যশাংসি অতনোৎ শোভনোদন্তেন তেন নোদং নীতাঃ অহিতদন্তিনঃ দন্তেন ক্ষিতিং অভজন্ ॥ ১৪ ॥

সঃ নলঃ সচিবগিরা পৃথিবীং নিরস্তরাগোপায়ং অগোপায়ৎ শত্রোঃ মহত্তরাঃ গোপাঃ আগোপায়ং নীত্বা যং নেমুঃ ॥ ১৫ ॥

ভুবীতি। স নলঃ ভুবি পৃথিব্যাং দ্বিষতাং শত্রূণামন্তেন নাশেন যশাংসি অতনোৎ বিস্তারয়ামাস। পুনঃ নোদনং নোদঃ প্রেরণমিতি যাবৎ। তেন নোদং নীতা অহিতদন্তিনঃ শত্রুহস্তিনো দন্তেন ক্ষিতিমভজন্ মৃতা ইত্যর্থঃ। কীদৃশেন শোভনোদন্তেন শোভন উদন্তো বার্ত্তা যস্যাসৌ স তেন। "বার্ত্তা প্রবৃত্তির্ব্বৃত্তান্ত উদন্তঃ স্যাদি"ত্যমরঃ। নুদ প্রেরণ ইতি ধাতোর্নোদঃ ॥ ১৪ ॥

সচিবেতি। স নলঃ নিরস্তরাগোপায়ং রাগস্যোপায়ো রাগোপায়ঃ ব্যসনমিতি যাবৎ নিরস্তো রাগোপায়ো যস্যাং ক্রিয়ায়াং তৎ তাদৃশম্ যথা স্যাং তথা সচিবগিরা মন্ত্রিবাক্যেন পৃথিবীমগোপায়ৎ অরক্ষৎ। মহত্তরাঃ গোপাঃ আগোপায়ং নীত্বা যং নেমুর্নমশ্চক্রুরিত্যর্থঃ। গাং পৃথ্বীং পান্তি তে গোপাঃ রাজানঃ। আগোপায়ং আগসোঽপরাধস্যাপায়ো নাশস্তম্। গোপাঃ কীদৃশাঃ শত্রোর্ম্মধ্যে মহত্তরাঃ শ্রেষ্ঠাঃ। অগোপায়দিতি গুপূ রক্ষণে ধাতোঃ। "আগোপরাধোমন্তুশ্চে"ত্যমরঃ। "দিষ্ণৌত্রয়ঘৃণিভূজল"ইত্যাদ্যমরঃ। নেমুরিতি ণমু প্রণতৌ ধাতোর্লিটি বহুবচনম্ ॥ ১৫ ॥

তিনি শত্রু সকলের সংহরণপূর্ব্বক পৃথিবীতে যশ বিস্তার করিয়াছিলেন। বিপক্ষরূপ হস্তী সকল তৎকর্ত্তৃক প্রেরিত হইয়া, দন্ত দ্বারা পৃথিবীকে আশ্রয় করিয়াছিল। তাহাঁর চরিতকথা পাঠ বা শ্রবণ করিলে, পরম পুণ্যসঞ্চয় ও নিরতিশয় প্রীতিলাভ হয় ॥ ১৪ ॥

তাহাঁর অধিকারে পৃথিবীতে স্ত্রী দ্যূত প্রভৃতি সর্ব্ববিধ ব্যসন পরিহৃত হইয়াছিল। তিনি মন্ত্রিগণের সহিত সবিশেষ পরামর্শ করিয়া, মেদিনী রক্ষা করিতেন। বিপক্ষগণের মধ্যে প্রধান প্রধান নরপতিগণ স্ব স্ব অপরাধের ক্ষালন করিয়া, তাঁহারে প্রণাম করিত ॥ ১৫ ॥

যোঽদন্তীমান্যায়াদধিকোথ রিপুর্যমেত্য ভীমান্যায়াৎ।
বৈদর্ভীমান্যা যা ত্রিজগতি কন্যা বভূব ভীমান্যায়াৎ॥ ১৬ ॥
মহিততমারম্ভাভির্দময়ন্তী সদৃগুমারমারম্ভাভিঃ।
দধতী মারম্ভাভির্ববৃধে সোরুদ্বয়ে সমারম্ভাভিঃ॥ ১৭ ॥

ভীমান্যায়াৎ বৈদর্ভী কন্যা বভূব যা ত্রিজগতি মান্যা যঃ অদন্তী আয়াৎ মানী অথ অধিকঃ রিপুঃ যং এত্য ভীমান্ যায়াৎ॥ ১৬ ॥

মহিততমারম্ভাভিঃ উমারমারম্ভাভিঃ সদৃক্ ভাভিঃ মারং দধতী উরুদ্বয়ে রম্ভাভিঃ সমা সা দময়ন্তী ববৃধে॥ ১৭ ॥

যোঽদন্তীতি। ভীমান্যায়াৎ ভীমভূপালাৎ বৈদর্ভী কন্যা বভূব জাতা। অননং আনঃ আনোঽস্যাস্তীত্যানী আনী জীবিতবান আয়ো যস্য নিরন্তরং ধনাগমবানিত্যর্থঃ। রাজেতি যাবৎ। ভীমশ্চাসাবান্যায়শ্চেতি ভীমান্যায়স্তস্মাৎ। বৈদর্ভী কীদৃশী যা ত্রিজগতি মান্যা পূজ্যা। স কো ভীমঃ যোঽদন্তী দন্তরহিতঃ। পুনঃ কীদৃশঃ আয়াৎ ধনবৃদ্ধের্হেতোর্মানী অভিমানী। অথ অধিকো রিপুঃ শত্রুর্যমেত্য যন্নিকটে আগত্য ভীমান্ ভীতঃ সন্ যায়াৎ প্রপলায্য গচ্ছেৎ। "ভীতির্ভীঃ সাধ্বসন্তয়মি"ত্যমরঃ। ভীমান্মতুপ্। যায়াদিতি যা প্রাপণে ধাতোঃ। যত্তু ভীমান্ ন্যায়াদিত্যত্র ভীমাদিতি পঞ্চমীং কল্পয়িত্বা ন্যায়াৎ ন্যায়েন কন্যা বভূবেতি ব্যাচক্ষতে তত্র সন্ধৌ সতি নকারদ্বিত্বং তেন যমকত্বহানিরিতি তচ্চিন্ত্যম্॥ ১৬ ॥

মহিতেতি। দময়ন্তী ববৃধে বৃদ্ধিং প্রাপ্তা যুবতির্বভূবেত্যর্থঃ। কীদৃশী উমারমারম্ভাভিঃ সদৃক্ সদৃশী। উমা পার্ব্বতী রমা লক্ষ্মীঃ রম্ভাঽপ্সরোভেদস্তাভিরুমারমারম্ভাভিঃ। কীদৃশীভিঃ মহিততমারম্ভাভিঃ প্রকৃষ্টো মহিতো মহিততমঃ পূজিততম ইতি যাবৎ। মহিততম আরম্ভঃ কার্য্যবৃত্তং যাসাং

তৎকালে ভীম নামে এক রাজা ছিলেন। তাঁহার দন্ত ছিল না, ধনাগমের কোনরূপ বিরাম ছিল না এবং ধনবৃদ্ধিবশতঃ অভিমানেরও সীমা ছিল না। বলবান্ শত্রুও তাঁহার সকাশে সমাগত হইয়া, ভীত হইয়া, পলায়ন করিত। তাঁহার ঔরসে ভৈমীনামে কন্যা জন্মগ্রহণ করিয়া, জগৎত্রয়ের সম্মান সংগ্রহ করিয়াছিলেন॥ ১৬ ॥

যাহাঁদের কার্য্যমাত্রেই পরম পূজনীয়, দময়ন্তী সাক্ষাৎ সেই উমা, রমা ও রম্ভার সদৃশী। তাঁহার উরুযুগল রম্ভার সমান। তাঁহার কান্তি

সারত্নমারীণাং নলঃ শ্রিয়ামজনি নিলয়নমারীণাম্।
যস্যানন্নারীণাং মরুভুবমাপদ্‌ঘটাবনমারীণাম্ ॥ ১৮ ॥
চকমে সারাজন্যশ্রেষ্ঠস্তস্তাং স তেজসারাজন্যঃ।
আত্তবিসারাজন্যশ্রিয়োঽধিত যয়া জিতাঃ সসারাজন্যঃ॥ ১৯॥

সা নারীণাং রত্নং নলঃ নারীণাং শ্রিয়াং নিলয়নং অজনি যস্য অনন্না অরীণাং ঘটা আরীণাং মরুভুবং আপৎ অবনং ন ॥ ১৮ ॥

সা তং রাজন্যশ্রেষ্ঠং চকমে তাং সঃ যঃ তেজসা রাজন্ আত্তবিসারাঃ জন্যশ্রিয়ঃ অধিত যয়া সসারাঃ জন্যঃ জিতাঃ ॥ ১৯ ॥

তাস্তাদৃশ্যস্তাভিঃ। পুনঃ কীদৃশী ভাভিঃ কান্তিভির্মারং কন্দর্পং দধতী ধারয়ন্তী। পুনঃ কীদৃশী উরুদ্বয়ে রম্ভাভিঃ কদলীভিঃ সমা ॥ ১৭ ॥

সেতি। সা দময়ন্তী নারীণাং মধ্যে রত্নং শ্রেষ্ঠমজনি জাতা। নলশ্চ নারীণাং মনুষ্যসম্বন্ধিনীনাং শ্রিয়াং কান্তীনাং নিলয়নং গৃহমজনি। নরস্যেয়ং নারী। যস্য চ অরীণাং ঘটা মরুভুবমাপৎ প্রাপ অবনং নাপদিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। মরুভুবং কথম্ভূতাং আরীণাং শূন্যাং ধিক্কৃতাং বা। অরীণাং ঘটা কীদৃশী অনন্না ন বিদ্যতে অন্নং যস্যাঃ সা অনন্না। "আরীণো ধিক্কৃতশ্চে"ত্যমরঃ ॥ ১৮ ॥

চকমে ইতি। সা দময়ন্তী তং রাজন্যশ্রেষ্ঠং ক্ষত্রিয়োত্তমং চকমে কামিতবতী। স চ নলস্তাং চকমে ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। তেজসা রাজন্ দীপ্তিং কুর্ব্বন্। যেন জন্যশ্রিয়ো যুদ্ধলক্ষ্ম্যঃ অধিত প্রাপ্তাঃ। কীদৃশী আত্তবিসারাঃ বিসরণং বিসারঃ বিস্তার ইতি যাবৎ আত্তো গৃহীতো বিস্তারো যাভিস্তাঃ। যয়া দময়ন্ত্যা জন্যো বধ্বো জিতাঃ। কীদৃশ্যঃ সসারাঃ সৌন্দর্য্যসহিতাঃ। "সারঃ

সাক্ষাৎ কন্দর্পের উদ্দীপক। তদবস্থায় তিনি দিন দিন বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ১৭ ॥

সেই দময়ন্তী যেমন রমণীগণের মধ্যে রত্নরূপিণী হইয়া, জন্মগ্রহণ করিয়াছিলেন, নলও তেমন মানবমণ্ডলীর যাবতীয় কান্তির আধার হইয়া, অবতরণ করেন। এই নলের শত্রু সকল নিরন্ন হইয়া, সর্ব্বথা শূন্যভাবাপন্ন মরুভূমি প্রাপ্ত হইয়াছিল। কোন রূপেই আত্মরক্ষা করিতে পারে নাই ॥১৮॥

এই দময়ন্তী যেমন স্বকীয় অসামান্য রূপলাবণ্যে পৃথিবীস্থ যাবতীয় সৌন্দর্য্যশালিনী রমণীদিগকে পরাভূত করিয়াছিলেন, নলও তেমন

নার্ত্তির্নোদ্যানেনপ্রভাবিহীনেন শোভনোদ্যানেন।
স্মরজানোদ্যানেন স্ফুটমিতি গতিমিহ নলোতনোদ্যানেন ॥২০॥
সোহিতহন্তাপততঃ কাংশ্চিদপশ্যদ্ধিতায় হন্তাপততঃ।
সস্নেহন্তাপততস্তান্যদমী তোষমাবহন্তাপততঃ ॥ ২১ ॥

ইনপ্রভাবিহীনেন অনেন শোভনোদ্যানেন নঃ স্মরজা আর্ত্তিঃ অদ্য নোদ্যা ন ন ইতি নলঃ ইহ যানেন স্ফুটং গতিং অতনোৎ ॥ ২০ ॥

হন্ত অহিতহন্তা তাপততঃ সঃ কান্চিৎ হিতায় আপততঃ পততঃ অপশ্যৎ যৎ অমী তোষং আবহন্ত ততঃ তান্ স্নেহং আপ ॥ ২১ ॥

স্থিরাংশে সৌন্দর্য্যে" ইতি ধরণিঃ। "যুদ্ধমায়োধনং জন্যম্। সমাঃ স্যুঃ বাজনী-বধ্ব" ইতি চামরঃ ॥ ১৯ ॥

নার্ত্তীতি। নলঃ ইতি হেতোরিহ বনে স্ফুটং যথা স্যাদেবং যানেনাশ্বেন গতি গমনং অতনোদকরোৎ। ইতি কিং অনেন শোভনোদ্যানেন সুন্দর-ক্রীড়াবনেনাদ্য ইদানীং নোঽস্মাকং স্মরজা কামোৎপন্না আর্ত্তিঃ পীড়া ন নোদ্যেতি ন অপি তু নোদ্যৈব নাশনীয়েত্যর্থঃ। কীদৃশেন ইনপ্রভাবিহী-নেন ইনঃ সূর্য্যস্তস্য যা প্রভা কিরণস্তেন বিহীনেন রহিতেন ॥ ২০ ॥

সোহিতেতি। অহিতানাং শত্রূণাং হন্তা নাশকঃ স নলঃ হন্ত হর্ষে কাংশ্চিৎ পততঃ পক্ষিণোঽপশ্যৎ অদ্রাক্ষীৎ। কীদৃশান্ পততঃ হিতায় সুখদানায় আপততঃ আগচ্ছতঃ। কীদৃশঃ স তাপততঃ তাপেন ততো ব্যাপ্তঃ কামজ্বরপীড়িত ইত্যর্থঃ। যৎ যস্মাদ্ধেতোরমী পতত্রিণো হংসাস্তোষং সন্তোষমাবহন্ত অকুর্ব্বত ততো হেতোঃ সস্নেহং স্নেহপূর্ব্বকং যথা স্যাৎ তথা সোয়ং নলস্তান্ হংসানাপ প্রাপ জগ্রাহেতি যাবৎ ॥ ২১ ॥

ক্ষত্রিয়গণের শ্রেষ্ঠ ছিলেন এবং সর্ব্বভুবনসঞ্চারিণী যুদ্ধলক্ষ্মী সংগ্রহ করিয়া-ছিলেন। এই কারণে উভয়ে উভয়ের প্রতি কামনাপরায়ণ হইয়া-ছিলেন ॥ ১৯ ॥

সূর্য্যের প্রভাবিরহিত পরম সুন্দর এই ক্রীড়াকাননে গমন করিয়া, অদ্য আমার মদনজনিত পীড়ার অবশ্যই উপশম হইবে। এই কারণে সেই নল যানারোহণে তথায় গমন করিলেন ॥ ২০ ॥

আহা, সেই শত্রুহন্তা নল কামজ্বরে অতিমাত্র পীড়িত হইয়াছিলেন। উদ্যানে গমন করিয়া, তাঁহার নিজের হিতের জন্য সমাগত কতিপয়

তস্তরসা রসমানঃ সবিহঙ্গগণোহব্রবীৎ সসারসমানঃ।
গতহিংসারসমানস্তুদ লভ্যো নিষ্ক্রয়ঃ স্বসারসমানঃ ॥ ২২ ॥
ত্বং ঝষকেত্বঙ্গত্বাদধিকো ভৈম্যাঃ স্তমোহন্তিকে ত্বাঙ্গত্বা।
সা তেহঙ্কে ত্বঙ্গত্বাসক্তা লল তৎসকাশকে ত্বঙ্গত্বা ॥ ২৩ ॥

রসমানঃ সসারসমানঃ সঃ বিহঙ্গগণঃ তং তরসা অব্রবীৎ গতহিংসারস মা নঃ তুদ স্বসারসমানঃ নিষ্ক্রয়ঃ লভ্যঃ ॥ ২২ ॥

অঙ্গ তু ত্বং ঝষকেত্বঙ্গত্বাৎ অধিকঃ ভৈম্যাঃ অন্তিকে ত্বা স্তমঃ সা তে অঙ্কে তু আসক্তা অঙ্গতু ত্বং তৎসকাশকে গত্বা লল ॥ ২৩ ॥

তস্তরসেতি। রসমানঃ শব্দায়মানঃ। সসারসমানঃ সারসৈঃ পক্ষিবিশেষৈঃ কৃতো যো মানোহভিমানস্তেন সহিতঃ সবিহঙ্গগণো হংসসমূহস্তরসা বেগেন তং নলমব্রবীদবদৎ। তদেবাহ হে গতহিংসারস গতঃ হিংসায়া রসঃ প্রীতির্যস্য সঃ তৎসম্বুদ্ধিঃ। নোহস্মান্ মা তুদ মা পীড়য়। ত্বয়া স্বস্য সারঃ সামর্থ্যাদীরূপাদির্ব্বা তত্তুল্যঃ নিষ্ক্রয়ো লভ্যঃ প্রাপ্যঃ অস্মত্ত ইতি শেষঃ ॥২২॥

ত্বমিতি। হে অঙ্গ নল তু পুনস্ত্বং ঝষকেত্বঙ্গত্বাৎ ঝষকেতোঃ কামস্যাঙ্গং তস্য ভাবস্তস্মাদধিকো নলঃ কামশরীরতোহপ্যধিকঃ সুন্দর ইতি যাবৎ। ইতি ভৈম্যা অন্তিকে নিকটে ত্বা ত্বাং স্তমঃ স্তোষ্যামঃ। সা ভৈমী তেহঙ্কে ক্রোড়ে তু পুনঃ অঙ্গতু রাজতু। অগি গত্যর্থঃ। কথম্ভূতা আসক্তা তৎসকাশকে দময়ন্তীনিকটে স্বার্থে কঃ। গত্বা লল ক্রীড়াং কুরু ॥ ২৩ ॥

পক্ষীকে অবলোকন করিলেন। তাঁহারা তাহাঁর সন্তোষ সমুৎপাদন করিয়াছিল। এইজন্য তিনি স্নেহপরবশ হইয়া, তাহাঁদের নিকট গমন করিলেন ॥ ২১ ॥

সারসগণ কর্তৃক সবিশেষ সম্মানিত সেই হংসগণ শব্দ করিতে করিতে, সবেগে নলকে বলিতে লাগিল, হে হিংসারসবিহীন! আপনি আমাদিগকে কোনরূপে পীড়া প্রদান করিবেন না। আমরা আপনাকে আপনার সামর্থ্যাদির অনুরূপ নিষ্ক্রয় প্রদান করিব ॥ ২২ ॥

হে নল! আপনি কামের শরীর অপেক্ষাও সমধিক সৌন্দর্য্যসম্পন্ন। ভৈমীর নিকটে গিয়া, এই বিষয় বলিয়া, আমরা আপনার গুণগান করিব। সেই ভৈমী সবিশেষ অনুরাগ প্রকাশ পুরঃসর আপনার ক্রোড়ে বিরাজ করুন। আর, আপনিও তাহাঁর নিকটে গিয়া, বিহারপরায়ণ হউন ॥ ২৩ ॥

ইতি হংসারামায়া নিকটং যা ময়কৃতেব সারামায়া।
জগ্মুঃ সারামায়া জগদুশ্চালীভিরভিসসারামায়া॥ ২৪॥
শ্রীসংকাশাস্যস্য ত্বম্ভৈমি নলস্য শশিনিকাশাস্যস্য।
অরিলোকাশাস্যস্য যদি ভার্য্যা স্যাঃ কুমারিকাশাস্যস্য॥ ২৫॥

যা ময়কৃতা সারা মায়া ইব যা আলীভিঃ অমা অভিসসার হংসাঃ সারামায়াঃ রামায়াঃ নিকটং জগ্মুঃ ইতি জগদুঃ চ॥ ২৪॥

ভৈমি ত্বং যদি শশিনিকাশাস্যস্য অস্য অরিলোকাশাস্যস্য কুমারিকাশাস্যস্য নলস্য ভার্য্যা স্যাঃ শ্রীসঙ্কাশা অসি॥ ২৫॥

ইতীতি। হংসাঃ সারামায়া আরামেন সহ বর্ত্তমানা সারামা তস্যাঃ সারামায়াঃ রমায়াঃ ভৈম্যাঃ নিকটং সমীপং জগ্মুর্যযুঃ। পুনঃ ইতি বক্ষ্যমাণমূচুঃ। যা ভৈমী ময়েন দৈত্যশিল্পিনা কৃতা সারা উৎকৃষ্টা মায়েব। যা আলীভিঃ সখীভিঃ অমা সহ অভিসসার গতিমকরোৎ। "অমা সহ সমীপে চে"ত্যমরঃ॥ ২৪॥

শ্রীতি। হে ভৈমি ত্বং যদ্যস্য নলস্য ভার্য্যা স্যাঃ ভবেস্তর্হি শ্রীসংকাশাসি লক্ষ্মীতুল্যাসি শ্রীবৎ-সঙ্কাশতে শোভতে ইতি সা। কীদৃশস্য নলস্য শশিনা নিকাশং তুল্যমাস্যং বদনং যস্যাসৌ তস্য। এবমরিলোকানাং যা আশা বাঞ্ছা তামস্যতি নাশয়তীতি সঃ তস্য এবং কুমারিকাশাস্যস্য কুমারিকাভিরপরিণীতাভিঃ স্ত্রীভিরাশাস্যস্য বাঞ্ছিতস্য॥ ২৫॥

দময়ন্তী সাক্ষাৎ দৈত্যশিল্পী ময়ের বিনির্ম্মিত সর্ব্বলোকমোহিনী মায়ার ন্যায়, সখীগণের সহিত বিচরণ করিয়া থাকেন। তাহাঁর শরীর মন সর্ব্বদাই প্রফুল্লভাবাপন্ন। হংসগণ তাহাঁর সমীপে গমন করিয়া বলিতে লাগিল॥ ২৪॥

অয়ি ভৈমি! রাজা নল, শশাঙ্কের ন্যায়, বদনমণ্ডলে সমলঙ্কৃত। বিপক্ষপক্ষীয় ব্যক্তিবর্গের আশা বিনাশ করিয়া থাকেন। অপরিণীতা স্ত্রী সকল তাহাঁরে পাইবার জন্য স্বতঃপরতঃ অভিলাষিণী হয়। অতএব তুমি যদি তাঁহার পত্নী হও, তাহা হইলে, স্বয়ং লক্ষ্মীতুল্য হইবে॥ ২৫॥

ইতি হাংসেনোদিতয়া গণেন ভৈম্যা মুদা রসেনোদিতয়া।
ন বভাসেনোদিতয়া স্মরেণ স পুনর্নলৌকসেনোদিতয়া॥২৬॥
তা বহুধাবায়স্যশ্রেণ্যঃ পুনরস্য সন্নিধাবায়স্য।
তাঞ্চ নিধাবায়স্য ব্যনুবংস্তুলনায় ন বিবুধাবায়স্য॥ ২৭॥

ইতি হাংসেন গণেন উদিতয়া মুদা রসে নোদিতয়া স্মরেণ উদিতয়া ভৈম্যা ন বভাসে ন তু পুনঃ তয়া সঃ নলৌকসে অনোদি॥ ২৬॥

তাঃ বায়স্য শ্রেণ্যঃ যস্য তুলনায় বিবুধাঃ বা ন আয়স্য নিধৌ অস্য সন্নিধৌ পুনঃ আযস্য তাং চ বহুধা ব্যনুবন্॥ ২৭॥

ইতীতি। ইত্যুক্তক্রমেণ হাংসেন গণেন হংসসার্থেন উদিতয়োক্তয়া মুদা আনন্দেন হেতুনা রসে শৃঙ্গারে নোদিতয়া প্রেরিতয়া স্মরেণ কামেন উদিতয়া উদয়ং প্রাপ্তয়া যুবত্যেতি যাবৎ। এতাদৃশ্যা ভৈম্যা ন বভাসে ইতি ন অপি তু বভাসে। পুনস্তয়া ভৈম্যা স হংসগণো নলৌকসে নলগৃহায় অনোদি প্রেষিতঃ॥ ২৬॥

তা ইতি। পুনস্তা বায়স্যঃ বয়সাম্পক্ষিণামিমাঃ বায়স্যঃ শ্রেণ্যঃ হংস-পংক্তয়ঃ ইতি যাবৎ অস্য নলস্য সন্নিধৌ সমীপে আযস্যাগত্য তাং ভৈমীং বহুধা নানাপ্রকারেণ ব্যনুবন্ অস্তবন্ তুষ্টুবুরিতি যাবৎ। কিম্ভূতে সন্নিধৌ আয়স্য ধনাগমস্য নিধৌ আকরে আশ্রয়ে বা। অস্য কস্য যস্য তুলনায় বিবুধা অপি দেবা অপি ন ভবন্তি। বাশব্দোঽপ্যর্থকঃ॥ ২৭॥

হংসগণ এইপ্রকার কহিলে, দময়ন্তীর অন্তঃকরণে আহ্লাদরসের সঞ্চার বশতঃ শৃঙ্গাররসের আবির্ভাব হইল। তিনি সেই রসাবেশে পরিচালিতা ও মদন কর্ত্তৃক প্রণোদিতা হইয়া, যার পর নাই শোভা ধারণ করিলেন এবং হংসদিগকে নলসকাশে পুনরায় পাঠাইয়া দিলেন॥ ২৬॥

সেই হংস সকল ধনাগমের আকরস্বরূপ রাজা নলের সকাশে গমন করিয়া, নানাপ্রকারে ভৈমীর প্রশংসাগানে প্রবৃত্ত হইল। দেবগণও এই নলের সহিত তুলনালাভে সমর্থ হন না॥ ২৭॥

ইতি সবিনামানিতয়া জহ্রে ভৈম্যা নলোপি নামানিতয়া।
স্বাস্থ্যং নামানিতয়া শিশ্যে চ বিচিন্ত্য তস্য নামানিতয়া ॥২৮॥
অথ সসমুদ্রাগস্য ক্ষ্মান্তস্যালংকৃতেঃ সমুদ্রাগস্য।
যৌবনমুদ্রাগস্য স্বসুতারত্নস্য সাদমুদ্রাগস্য ॥ ২৯ ॥

ইতি বিনা মানিতয়া নাম স্বাস্থ্যং অনিতয়া ভৈম্যা তয়া অমানিতয়া ন সঃ নলঃ অপি জহ্রে তস্য নামানি বিচিন্ত্য শিশ্যে চ ॥ ২৮ ॥

অথ সসমুদ্রাগস্য ক্ষ্মান্তস্য অলঙ্কৃতেঃ সমুদ্রাগস্য যৌবনমুদ্রাগস্য উদ্রাগস্য স্বসুতারত্নস্য সাদং ॥ ২৯ ॥

ইতীতি। ইত্যনেন প্রকারেণ বিনা হংসেন মানিতয়া পূজিতয়া কৃতস্তুত্যেতি যাবৎ। নাম সম্ভাবনায়াং। স্বাস্থ্যং সুখমনিতয়া অপ্রাপ্তয়া তয়া ভৈম্যা। ধীরোপি নলঃ জহ্রে হৃতঃ বশীকৃত ইতি যাবৎ। পুনস্তস্য নলস্য নামানি বিচিন্ত্য নলনৈষধেত্যাদি চিন্তয়িত্বা শিশ্যে সুপ্তম্। কীদৃক্ নলঃ অমানিতয়া ন উপলক্ষিতঃ মানিনো ভাবো মানিতা তস্যা অভাবঃ অমানিতা তয়া ন উপলক্ষিতঃ অভিমানযুক্ত ইতি ভাবঃ ॥ ২৮ ॥

অথেতি। অথানন্তরং সমুদ্রাশ্চ অগশ্চ সমুদ্রাগৌ সাগরপর্ব্বতৌ তাভ্যাং সহিতস্য। ক্ষ্মান্তস্য পৃথ্বীপর্য্যন্তস্যালঙ্কৃতেরলঙ্কারভূতস্য। সমুদ্রাগস্য মুদমানন্দং রাতি দদাতীতি মুদ্রঃ মুদ্রশ্চাসাবগশ্চ সঃ তেন সহ বর্ত্ততে ইতি তাদৃশস্য। যদ্বা রাজা কীদৃশঃ সমুৎ সহর্ষঃ দ্রাক্ ঝটিতি অস্য সুতারত্নস্যেত্যর্থঃ। যদ্বা মুচ্চাসৌ রাগোঽনুরাগঃ স চ মুদ্রাগৌ তাভ্যাং সহিতস্য এবং যৌবনমুদ্রা স্তনোদ্রেকাদিচিহ্নং তদ্গতস্য প্রাপ্তস্য। এবং উদ্রাগস্য উৎ উদ্গতো রাগোঽনঙ্গরাগঃ পীড়া বা যস্য তস্য। "রাগো মৎসরে লোহিতাদিষু। ক্লেশা-

---

দময়ন্তী নলবিরহে নিতান্ত অসুখিনী হইয়াছিলেন। তাঁহার নল ও নৈষধ প্রভৃতি নামমালা চিন্তা করিয়া, শয়ন করিয়া থাকিতেন। হংসগণ এইরূপে তাঁহার গুণগান করিলে, তিনি সেই অভিমানধন পরমধৈর্য্যশালী নলকেও বশীকৃত করিলেন ॥ ২৮ ॥

দময়ন্তী নিজ সৌন্দর্য্যাদি গুণে সাগরপর্ব্বতশালিনী মেদিনার প্রত্যন্ত প্রদেশ পর্য্যন্ত অলঙ্কৃত করিয়াছিলেন। তাঁহার শরীরে আহ্লাদ ও অনুরাগ যুগপৎ বিরাজমান ছিল এবং স্তনোদ্‌ভেদাদি যৌবনচিহ্ন সমুদায় পদগ্রহণ

দৃষ্ট্বা রাজাতনুত স্বয়ম্বরং বিধিবদিন্দিরাজাতনুতঃ।
যস্য জরাজাতনুতঃ পৃথগ্‌ব্যথাসৌ জনাদ্ররাজাতনুতঃ॥৩০॥
তং হাসেনাপালিঃ স্বয়ম্বরং ক্ষিতিভুজাং সসেনাপালিঃ।
ন বভাসেনাপালিঃ স্রগেষু যৈঃ শিরসি যা রসেনাপালি॥৩১॥

দৃষ্ট্বা অসৌ রাজা ইন্দিরাজাতনুতঃ স্বয়ম্বরং বিধিবৎ আতনুত অতনুতঃ জনাৎররাজ যস্য তনুতঃ জরাজা ব্যথা পৃথক্‌॥ ৩০॥

ক্ষিতিভুজাং সসেনাপালিঃ আলিঃ হাসেন তং স্বয়ম্বরং আপ নাপালিঃ স্রক্‌ এষু ন বভাসে ন যা রসেন যৈঃ শিরসি অপালি॥ ৩১॥

দাবনুরাগে চ গান্ধারাদা”বিতি মেদিনী। স্বসুতারত্নস্য সাদং অবসাদং কামজদুঃখং॥ ২৯॥

দৃষ্টেতি দ্বিতীয়েনান্বয়ঃ। অসৌ রাজা ভীমঃ স্বয়ম্বরং বিধিবৎ আতনুতা-করোৎ। যো রাজা অতনুতঃ মহতো জনাৎ মনুষ্যাৎ ররাজ শুশুভে। যস্য তনুতো দেহাৎ জরাজা জরোৎপন্না ব্যথা পৃথক্‌ ভিন্না। বহুমধ্যে সুন্দরো যুবা চেতি ভাবঃ। কীদৃশো রাজা ইন্দিরাজাতনুতঃ ইন্দিরা লক্ষ্মী-স্তস্যাঃ সকাশাজ্জাতো যঃ কামস্তেন নুত স্তুতঃ কামাধিকসুন্দর ইতি যাবৎ॥ ৩০।

তমিতি। ক্ষিতিভুজাং রাজ্ঞামালিঃ পঙ্‌ক্তির্হাসেন হর্ষাদিনা তং দম-য়ন্ত্যাঃ স্বয়ম্বরমাপ প্রাপ। যদ্বা কীদৃশী আলিঃ হাসেন উপলক্ষিতেত্যুপ-লক্ষণে তৃতীয়া। কীদৃশী আলিঃ সসেনাপালিঃ সেনাপালয়ঃ সেনান্য-স্তদযুক্তা। সা স্রক্‌ মালা এষু রাজসু ন বভাসে ইতি কাকুঃ অপিতু শুশুভে ইত্যর্থঃ। সা কা যা স্রক্‌ মালা তৈঃ রাজভিঃ শিরসি রসেন স্নেহেন অপালি

করিয়াছিল। অনঙ্গ-রাগের উদ্রেকবশতঃ তিনি নিতান্ত অবসন্নভাবাপন্ন হইয়াছিলেন॥ ২৯॥

রাজা ভীম আপনার দুহিতৃরত্নের এইপ্রকার অবসাদ অবলোকন করিয়া, যথাবিধানে স্বয়ম্বরের অনুষ্ঠান করিলেন। সেই ভীম মহিমশালী ব্যক্তিগণের অগ্রগণ্য। তাঁহার দেহ হইতে জরাজনিত ব্যথা পরিহৃত হইয়াছিল। স্বয়ং কাম তাহাঁর সৌন্দর্য্যের প্রশংসা করিয়া থাকেন॥ ৩০॥

নরপতিগণ স্ব স্ব সেনানী সমভিব্যাহারে সহাস্য বদনে সেই স্বয়ং-বরে সমাগত হইলেন। তাহাঁদের সকলেরই মস্তকে মালা বিরাজমান

তাং গাং সেনারাজিঃ স্বর্গসদাং যৈঃ সদারসেনারাজি।
আয়াসেনারাজিক্ষয়িতরিপৌ চলতি বিবুধসেনারাজি ॥৩২॥
সোথ পরমহস্তেন প্রাপি নলেনোৎসবঃ পরমহস্তেনঃ।
স্ফুরিতপরমহস্তেন প্রবভৌ রবিণেব তৎপুরং পরমহস্তেন॥৩৩॥

আজিক্ষয়িতরিপৌ বিবুধসেনারাজি চলতি স্বর্গসদাং সেনারাজিঃ আয়াসেন তাং গাং আর যৈঃ সদা রসেন অরাজি ॥ ৩২ ॥

অথ পরমহস্তেন নলেন পরমহস্তেনঃ সঃ উৎসবঃ প্রাপি তেন তৎপুরং স্ফুরিতপরমহস্তেন রবিণা অহঃ ইব পরং প্রবভৌ ॥ ৩৩ ॥

অরক্ষি ধৃতেত্যর্থঃ। কিম্ভূতা স্রক্ নাপালিঃ অপগতা অলয়ো যস্যাঃ সা অপালিঃ ন অপালিঃ সভ্রমরেত্যর্থঃ তেষাং শিরঃসু ইন্দ্রনীলাদিমণিমত্তয়া ভৃঙ্গাভাবেপি ভৃঙ্গবত্তথা মালা শোভতে স্মেতি ধ্বনিঃ ॥ ৩১ ॥

তামিতি। আজিক্ষয়িতরিপৌ আজৌ সংগ্রামে ক্ষয়িতা নাশিতা রিপবঃ শত্রবো যেন সঃ তস্মিন্। বিবুধসেনারাজি বিবুধা দেবাস্তেষাং যা সেনা তস্যা রাট্ সঃ তস্মিন্। ইন্দ্রে চলতি সতি স্বর্গসদাং দেবানাং সেনারাজিঃ সেনাপঙ্ক্তিরায়াসেন শ্রমেণ তাং গাং বিদর্ভদেশোপলক্ষিতাং ভুবং আর প্রাপ। যৈঃ স্বর্গসদ্ভিঃ সদা সর্ব্বদা রসেন ভৈম্যনুরাগেণ অরাজি শোভিতম্ ॥ ৩২ ॥

সোথেতি। **অথ** অনন্তরং পরমহস্তেন পরম উৎকৃষ্টৌ হস্তঃ করো যস্য সঃ তেন আজানুলম্বিতভুজেনেত্যর্থঃ। স উৎসবঃ স্বয়ম্বরঃ প্রাপি প্রাপ্তঃ। কথম্ভূতঃ উৎসবঃ পরমহস্তেনঃ পরেষাং মহাঃ পরমহাস্তেষাং

হইয়াছিল। তাঁহারা পরম প্রীতি সহকারে উহা ধারণ করিয়াছিলেন। অলিকুল উহা পরিত্যাগ করে নাই; মনোহর গন্ধে আমোদিত হইয়া, উহাতে শ্রেণীবদ্ধ হইয়াছিল ॥ ৩১ ॥

যিনি যুদ্ধে শক্রকুল নির্ম্মূল করিয়াছেন, সেই দেবসৈন্যের অধিনেতা **ইন্দ্র উল্লিখিত স্বয়ংবরোদ্দেশে প্রস্থান করিলে,** ভৈমীর প্রতি অনুরাগবশতঃ সর্ব্বদা শোভমান স্বর্গবাসিগণের সেনারাজি আয়াসস্বীকারপুরঃসর বিদর্ভদেশে সমাগত হইল ॥ ৩২ ॥

ঐ স্বয়ংবর শক্রপক্ষীয়দিগের উৎসবপরম্পরা তিরস্কৃত করিয়াছিল। আজানুলম্বিত-বাহু-বিশিষ্ট নল তথায় উপনীত হইলেন। দিনকর পরম-

ক্ষিপ্তলসন্নালীকান্ অহিতেষু মুখেন্দুতুলিতসন্নালীকান্।
রাজ্ঞঃ সন্নালীকান্ কান্তির্ব্বিবুধাংশ্চ নাহসন্নালীকান্ ॥৩৪॥
অজনি কলাপাস্যন্তং স্বযশোঽনিজকমহঃকলাপাস্যন্তং।
শক্রকলাপাস্যন্তং প্রেক্ষ্য নলং সুরততিঃ কলাপাস্যন্তং ॥৩৫॥

নালী কান্তিঃ অহিতেষু ক্ষিপ্তলসন্নালীকান্ মুখেন্দুতুলিতসন্নালীকান্ সন্নালীকান্ কান্ রাজ্ঞঃ বিবুধান্ চ ন অহসৎ ॥ ৩৪ ॥

সুরততিঃ তং নলং স্বযশঃ পাস্যন্তং অনিজকমহঃকলাপাস্যন্তং শক্রকলাপাস্যন্তং কলাপাস্যন্তং প্রেক্ষ্য কলা অজনি ॥ ৩৫ ॥

স্তেনস্তস্করঃ। "মহ উৎসবতেজসো"রিত্যমরঃ। পরমুৎকৃষ্টঃ তৎ পুরং ভীমনগরং তেন নলেন প্রবভৌ শুশুভে। কেন কিমিব স্ফুরিতপরমহস্তেন স্ফুরিতা পরমা উৎকৃষ্টা হস্তাঃ কিরণা যস্য তেন রবিণা অহঃ দিনমিব ॥৩৩॥

ক্ষিপ্তেতি। নালী নলস্যেয়ং নালী কান্তিঃ কান্ রাজ্ঞো নৃপান্ চ পুনঃ কান্ বিবুধান্নাহসদপিতু সর্ব্বানেব। কীদৃশান্ অহিতেষু শত্রুষু ক্ষিপ্তলসন্নালীকান্ ক্ষিপ্তাঃ প্রেরিতাঃ লসন্তী দীপ্যমানা নালীকা বাণবিশেষা যৈস্তান্। এবং মুখেন্দুতুলিতসন্নালীকান্ মুখেন্দুভিস্তুলিতানি সন্তি সমীচীনানি নালীকানি পদ্মানি যৈস্তান্। এবং সন্নালীকান্ সন্নমপগতমলীকং কপটাদি যেষাং তে তান্। ষদ্‌লৃ বিসরণগত্যোঃ ক্তঃ ॥ ৩৪ ॥

অজনীতি। সুরততির্দেবপংক্তিঃ তং নলং প্রেক্ষ্য দৃষ্ট্বা কলা জড়া কিংকর্ত্তব্যতামূঢ়েতি যাবৎ অজনি জাতা বভূবেত্যর্থঃ। কীদৃশং নলং স্বীয়ং

প্রস্ফুরিত-করনিকর-বিস্তার-পুরঃসর সমুদিত হইলে, দিবসের যেমন অসীম সুষমার সঞ্চার হয়, মহারাজ নলের পদার্পণে ভীমনগরীরও তৎপ্রকার শোভার আবিষ্কার হইল ॥ ৩৩ ॥

তথায় যে সকল দেবগণ ও নরপতিবর্গ সন্নিহিত হইয়াছিলেন, তাঁহারা সকলেই শত্রুমণ্ডলীতে সবিশেষ দীপ্তিবিশিষ্ট নালীকনামক শরপরম্পরা প্রয়োগ করিয়াছিলেন। তাঁহাদের সকলেরই বদনচন্দ্রমা উৎকৃষ্টজাতীয় পদ্মের সমান এবং সকলেই সর্ব্বপ্রকার কপটাচার পরিহার করিয়াছেন। নলের সৌন্দর্য্য তাঁহাদের মধ্যে সকলকেই উপহসিত করিয়াছিল ॥ ৩৪ ॥

নল সম্যক্ প্রকারে স্বীয় যশঃ রক্ষা ও পরকীয় প্রভুত্ব দূরে পরাহত করিয়াছিলেন। শত্রুগণ সকলেই তাঁহার প্রভাবে পর্য্যুদস্ত হইয়াছিল।

স্বর্নিলয়ানামনলঙ্কৃতমপি জেতুন্ততিঃ শ্রিয়ানামনলম্।
যমজেয়ানামনলম্প্রোচে শক্রস্তমরিচয়ানামনলম্॥ ৩৬॥
বদ কামাযাসন্নস্ত্বস্তৈভৈম্যৈ যদ্‌গুণাঃ শ্রমাযাসন্নঃ।
শ্রেষ্ঠতমাযাসন্নস্ত্বান্দ্রষ্টা নতু জনঃ স্বমাযাসন্নঃ॥ ৩৭॥

শক্রঃ তং অজেয়ানাং অরিচয়ানাং অনলং নলং নাম প্রোচে স্বর্নিলয়ানাং ততিঃ অনলঙ্কৃতং অপি যং শ্রিয়া জেতুং অনলম্॥ ৩৬॥

ত্বং ভৈম্যৈ নঃ কামায়াসং বদ যদ্‌গুণাঃ নঃ শ্রমায় আসন্ যা শ্রেষ্ঠতমা আসন্নঃ জনঃ স্বমায়াসন্নঃ ত্বাং ন তু দ্রষ্টা॥ ৩৭॥

যশঃ পান্তম্তং রক্ষন্তম্। অনিজকমস্বকীয়ং মহস্তেজঃ তস্য কলাং অংশং প্রভুত্বমিতি যাবৎ অপস্যান্তমরক্ষন্তম্। যদ্বা নিজকং স্বকীয়ং মহস্তেজঃ তস্য কলাং আপাস্যন্তং দূরতঃ প্রসারয়ন্তমিত্যর্থঃ। এবং শক্রকলাপাস্যন্তং শত্রূণাং কলাপাঃ সমূহাস্তানস্যতি ক্ষিপতীতি সঃ তম্। অথবা অস্যন্তঃ অসিনা অন্তো যস্য এতাদৃশঃ শক্রকলাপো যস্য। এবং কলাপাস্যং কলাং পাতীতি কলাপশ্চন্দ্রস্তৎসদৃশং মুখং যস্য তম্। "কলাপো ভূষণে বর্হে তূণীরে সংহতেপি চে"ত্যমরঃ॥ ৩৫॥

স্বরিতি। শক্র ইন্দ্রস্তং নলং প্রোচে উবাচ। নাম সম্ভাবনায়াং। তং কং যমনলঙ্কৃতমপ্যলঙ্কাররহিতমপি নলং স্বর্নিলয়ানাং দেবানাং ততিঃ শ্রেণিঃ শ্রিয়া শোভয়া জেতুং তিরস্কর্ত্তুমনলং ন অলং সমর্থা। কিম্ভূতং নলং অজেয়ানামন্যৈর্জেতুমশক্যানামরিচয়ানাং শক্রযূথানামনলমগ্নিং দাহকত্বাৎ॥ ৩৬॥

তদেতি। হে নল ত্বং তস্যৈ ভৈম্যৈ নোঽস্মাকং কামায়সং কামেন কৃতো য আয়াসস্তং বদ ত্বৎকৃতে দেবান্ কামঃ পীড়য়তীতি ভাবঃ। তস্যৈ

তাঁহার বদনমণ্ডল সাক্ষাৎ কলাপতি চন্দ্রের ন্যায়। সুরগণ তাঁহাকে দর্শন করিয়াই, কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া রহিলেন॥ ৩৫॥

তাঁহার শরীরে কোনরূপ অলঙ্কার ছিল না। তথাপি, সুরগণ স্ব স্ব শোভা সহায়ে তাঁহারে তিরস্কৃত বা পরাভূত করিতে কোন মতেই সমর্থ হইলেন না। অধিক কি, তিনি অজেয় শক্রগণেরও সাক্ষাৎ অগ্নি। ইন্দ্র তাঁহাকে সম্বোধন করিয়া, কহিতে লাগিলেন॥ ৩৬॥

হে নল! যাঁহার গুণপরম্পরা আমাদের খেদের নিমিত্তীভূত হইয়াছে,

ইতি সরবেকেহাস্তন্ম্যস্য স মুকুলং সুরপ্রবেকেহাস্ত।
তাং অবিবেকেহাস্তঃ শ্রয়তি স্ত্রী তত্র পার্থিবেকেহাস্ত॥৩৮॥
হরিপবমানযমানান্দূতোঽস্মি নলো মহারমানযমানান্।
ভবতীং মানযমানান্ ভৈমি সুরান্বিদ্ধি মহমিমানযমানান্॥৩৯॥

সুরপ্রবেকে ইতি সরবে কে হাস্তং মুকুলং ন্যস্য অবিবেকেহাস্তঃ সঃ তাং অহাস্ত পার্থিবে শ্রয়তি তত্র কা স্ত্রী ইহ আস্ত॥ ৩৮॥

ভৈমি হরিপবমানযমানাং দূতঃ নলঃ অস্মি ;মহারমানয়মানান্ ভবতীং মানয়মানান্ ইমান্ সুরান্ মহং অয়মানান্ বিদ্ধি॥ ৩৯॥

কণ্ঠে যদ্গুণাঃ যস্যাঃ গুণা নোঽস্মাকং শ্রমায় খেদায় আসন্ অভূবন্ শমায়েতি পাঠে শান্ত্যৈ ইত্যর্থঃ। অথ চ যা শ্রেষ্ঠতমা অত্যন্তমুৎকৃষ্টা। পুনস্তত্রত্যর্থাৎ আসন্নো জনো দ্বারপালকাদিস্ত্বাং ন দ্রষ্টা ন দ্রক্ষ্যতি। কীদৃশস্ত্বং স্বমায়াসন্নঃ স্বস্য তব মৎপ্রসাদজন্যা যা মায়া কপটঃ তয়া সন্নঃ আচ্ছন্নঃ॥ ৩৭॥

ইতীতি। সুরপ্রবেকে সুরশ্রেষ্ঠে ইন্দ্রে ইতি উক্তপ্রকারেণ সরবে সশব্দে সতি এবমুক্তবতি সতীত্যর্থঃ। কে মস্তকে হাস্তং হস্তসম্বন্ধিমুকুলং ন্যস্য মস্তকে অঞ্জলিং কৃত্বা স নলঃ তাং দময়ন্তীং অহাস্ত জগাম। কীদৃশঃ সঃ অবিবেকস্যাজ্ঞানবিশেষস্য যা ইহা চেষ্টা তয়া অস্তঃ রহিতঃ যদ্বা নলং দৃষ্টবতী দময়ন্তী নান্যং বরিষ্যতীতি ইন্দ্রস্য যোঽবিবেকস্তজ্জনিতয়া চেষ্টয়া অস্তঃ প্রেষিত ইত্যর্থঃ। পার্থিবে নলে তত্র শ্রয়তি গতবতি সতি কা স্ত্রী ইহ স্থলে আস্ত অতিষ্ঠৎ ন কাপীত্যর্থঃ॥ ৩৮॥

হরীতি। হরিরিন্দ্রো অগ্নিশ্চ পবমানো বরুণো বায়ুশ্চ যমঃ কৃতান্ত-

---

যিনি যাবতীয় ললনাগণের ললামভূতা, তুমি সেই দময়ন্তীকে গিয়া বল, তোমার জন্য কাম দেবগণকে অতিমাত্র ক্লেশ প্রদান করিতেছে। তুমি যখন ভৈমীর নিকট গমন করিবে, তখন আমার প্রসাদজনিত স্বদীয় মায়ায় আচ্ছন্ন হইয়া, দ্বারপাল প্রভৃতি আসন্নবর্ত্তী লোকসকলও তোমাকে দেখিতে পাইবে না॥ ৩৭॥

সুরপতি ইন্দ্র এইপ্রকার বাক্য প্রয়োগ করিলে, সর্ব্বতোভাবে বিবেকবিশিষ্ট নল মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া, দময়ন্তীর সকাশে গমন করিলেন। তিনি গমন করিলে, কোন স্ত্রীলোকই তথায় থাকিতে পারিল না?॥ ৩৮॥

তিনি দময়ন্তীর সকাশে সমাগত হইয়া, বলিতে লাগিলেন, আমি নল।

তুল্যেঽপ্সরসাদেহিপ্রভবো মগ্নাঃ স্মরপ্রসরসাদেহি।
তানভিসরসাদেহি স্রজঞ্চ নাকাৎ সুখঞ্চ সরসাদেহি ॥৪০॥
ইতি কৃতসামারবতঃ সুরলোকাত্তন্মুখেন সামারবতঃ।
ন রিরংসামারবত স্থলাদিব নলোৎকমানসামারবতঃ ॥ ৪১ ॥

অপ্সরসা তুল্যে দেহিপ্রভবঃ স্মরপ্রসরসাদে মগ্নাঃ হি সা তান্ অভিসর স্রজং চ দেহি সরসাৎ নাকাৎ সুখং চ এহি ॥ ৪০ ॥

নলোৎকমানসা সা ইতি তন্মুখেন কৃতসামারবতঃ মারবতঃ সুরলোকাৎ মারবতঃ স্থলাৎ ইব রিরংসাং ন আর বত ॥ ৪১ ॥

স্তেষাং দূতো নলনামাহমস্মি। ইমানিন্দ্রাদীন্ সুরান্ মহং তব স্বয়ম্বরমন্ন-মানান্ প্রাপ্তান্ বিদ্ধি জানীহি। কীদৃশান্ মহারমানয়মানান্ রমা লক্ষ্মীঃ নয়ো নীতিঃ মানশ্চিত্তসমুন্নতিঃ মহান্তো রমানয়মানা যেষাং তে তান্। এবং ভবতীং ত্বাং মানয়মানান্ স্বীকুর্ব্বতঃ ॥ ৩৯ ॥

তুল্যে ইতি। হে অপ্সরসা তুল্যে রম্ভাদিসদৃশে দেহিপ্রভবো মনুষ্যা-দীনামীশ্বরা দেবাঃ স্মরপ্রসরসাদে স্মরস্য কামস্য যঃ প্রসরঃ প্রসারস্তজ্জন্যে সাদে দুঃখে মগ্নাঃ। হি যতঃ অতঃ সা ত্বং তান্ দেবান্ অভিসর স্বীকুরু। পুনঃ স্রজং মালাং দেহি। সরসাৎ সুধাসংসর্গাদিযুক্তান্নাকাৎ স্বর্গাৎ সুখমেহি প্রাপ্নুহি ॥ ৪০ ॥

ইতীতি। সা ভৈমী সুরলোকাদিন্দ্রাদিদেবগণাৎ রিরংসাং রন্তুমিচ্ছাং

ইন্দ্র, অগ্নি, বরুণ, বায়ু ও যম ইহাঁদের দৌত্যভার বহন করিয়া আসিয়াছি। এই সকল দেবতা ত্বদীয় স্বয়ংবর-মহোৎসবে সমাগত হইয়াছেন, জানিবে। ইহাঁরা সকলেই নিরতিশয় লক্ষ্মীবান্ ও অতিমাত্র নয়শালী। ইহাঁদের চিত্তসমুন্নতিরও সীমা নাই। ইহাঁরা সকলেই তোমার প্রতি কামনা-পরায়ণ ও ন্যস্তচিত্ত হইয়াছেন ॥ ৩৯ ॥

অয়ি রম্ভাদি অপ্সরাগণের সদৃশি দময়ন্তি! মনুষ্যাদি শরীরিগণের প্রভু এই সকল দেবতা কামের অতিমাত্র প্রাদুর্ভাবজনিত অবসাদ-দুঃখে মগ্ন হইয়াছেন। অতএব তুমি ইহাঁদিগকে বরণ কর এবং মালা প্রদান করিয়া, সর্ব্বথা সকলসৌভাগ্যসম্পন্ন স্বর্গলোকের সুখসম্ভোগ কর ॥ ৪০ ॥

ভৈমীর মন একমাত্র নলের প্রতিই সাতিশয় আসক্ত হইয়াছিল;

সা বিররাজায়তয়া বীক্ষ্য দৃশা তং স্মরাতুরা অজায়তযা।
স্থিতিরত্রাজায়তযাদ্যুসদাঞ্চাভাষি নিষধরাজায়তযা ॥ ৪২ ॥

যা আয়তয়া দৃশা অত্র তং বীক্ষ্য স্মরাতুরা অজায়ত সা বিররাজ তয়া নিষধরাজায় দ্যুসদাং চ স্থিতিঃ অজায়তয়া অভাষি ॥ ৪২ ॥

ক্রীড়াং ন আর প্রাপ। কিম্ভূতাং তন্মুখেন নলমুখেন ইতি পূর্ব্বোক্তন্যায়েন কৃতসামারবতঃ কৃতঃ সামস্য সান্ত্বনায়াঃ আরবঃ শব্দো যেন ততঃ। পঞ্চম্যাস্তসিল্। এবং মারবতঃ মারো মদনস্তদ্বতঃ বত খেদে। কীদৃশী সা নলোৎকমানসা নলে উৎকমুৎকণ্ঠিতং মানসং চেতো যস্যাঃ সা। কস্মাদিব মারবতঃ স্থলাদিব মরোরিদং মারবং তাদৃশাং স্থলাদিব মরুসম্বন্ধিদেশাদিব। যথা হংসঃ নলোৎকমানসঃ নলে জলোৎপন্নপদার্থে বিসে উৎকণ্ঠিতচিত্তো মরুসংভূতবস্তুতো রিরংসাং নাপ্নোতি। যদ্বা কৃতসামেতি দময়ন্ত্যা বিশেষণং কৃতং সাম সান্ত্বনং যয়া সা। আরবতঃ শব্দং কুর্ব্বত ইতি সুরলোকবিশেষণম্ ॥৪১॥

সেতি। সা ভৈমী বিররাজ বিশেষেণ শুশুভে। সা কা যা আয়তয়া বিশালয়া দৃশা দৃষ্ট্যা অত্র ভবনে তং নলং বীক্ষ্য দৃষ্ট্বা স্মরাতুরা কামব্যাপ্তা অজায়ত অভূৎ। অপরং তয়া ভৈম্যা নিষধরাজায় নলায় দ্যুসদাং দিবি সীদন্তীতি দ্যুসদো দেবাস্তেষাং স্থিতিঃ স্থানং অজায়তয়া জায়ায়াঃ ভাবো জায়তা ন জায়তা অজায়তা তয়া অভাষি অবাদি। স্ত্রীত্বেন দেবান্ ন বৃতবতীতি ভাবঃ ॥ ৪২ ॥

সুতরাং, তিনি এইরূপে কামাকুলচিত্ত দেবগণের উদ্দেশে সান্ত্ববাদ প্রয়োগ করিলে, পদ্মমৃণালে নিতান্ত সমুৎসুক হংস যেমন মরুস্থলীতে বিহার করিতে কোনমতেই সম্মত হয় না; ভৈমীও সেইরূপ সেই দেবগণের সহিত বিহার-বাসনায় কোন প্রকারেই বদ্ধা হইলেন না ॥ ৪১ ॥

দময়ন্তী আয়তলোচনে রাজা নলকে তথায় দর্শন করিয়াই, কাম-বশে নিতান্ত অভিভূত হইয়া পড়িলেন। তৎকালে তাঁহার শোভারও সীমা রহিল না। তিনি নলকে স্পষ্টই বলিলেন, পত্নীরূপে দেবগণকে বরণ করিবেন না ॥ ৪২ ॥

তস্যা দেবাদ্যস্য প্রণম্য চ নলেন ধীঃ পদেবাদ্যস্য।
সতি নিনদেবাদ্যস্য স্বয়ং প্রিয়ায়াঃ পদং মুদেবাদ্যস্য ॥৪৩॥
অথ তরসা সারঙ্গেয়ংনৃপতিগণোঽস্থিত পদেষু সারঙ্গেয়ং।
চঞ্চলসারঙ্গেয়ন্ দময়ন্তী চাক্ষিতুলিতসারঙ্গেয়ং ॥ ৪৪ ॥

নলেন অস্য দেবাদ্যস্য পদে প্রণম্য বাদ্যস্য নিনদে সতি তস্যাঃ ধীঃ অবাদি স্বয়ং যস্য মুদে প্রিয়ায়াঃ পদং অবাৎ ॥ ৪৩ ॥

অথ অয়ং নৃপতিগণঃ সারং গেয়ং অয়ন্ তরসা চঞ্চলসারঙ্গে রঙ্গে পদেষু অস্থিত সা ইয়ং অক্ষিতুলিতসারঙ্গা দময়ন্তী চ পদেষু অস্থিত ॥ ৪৪ ॥

তস্যা ইতি। নলেনাস্য দেবাদ্যস্য সুরমুখ্যস্যেন্দ্রস্য পদে চরণে প্রণম্য অভিবাদ্য তস্যাঃ ভৈম্যাঃ ধীর্বুদ্ধিরবাদি উক্তা। কস্মিন্ সতি বাদ্যস্য তূর্য্যাদের্নিনদে শব্দে সতি। যস্য নলস্য মুদে আনন্দায় প্রিয়ায়াঃ পদং বাক্যং অবাৎ প্রাপ। যদ্বা অস্য কস্য যস্যেন্দ্রস্য মুদে হর্ষায় প্রিয়ায়াঃ পদং স্থানমবাৎ জগাম নল ইতি শেষঃ। ভৈমী ত্বাং ন বৃণুত ইত্যুক্তবানিতি ভাবঃ ॥ ৪৩ ॥

অথেতি। অথানন্তরময়ং নৃপতিগণো রাজলোকো রঙ্গে স্বয়ংবরসভায়াং তরসা বেগেন পদেষু ভীমকল্পিতমঞ্চস্থানেষু অস্থিত আসীৎ। নৃপতিগণঃ পদান্যকৃত ইতি পাঠে পদানি চরণবিন্যাসান্ অকৃত অকরোদিত্যর্থঃ। কিং কুর্ব্বন্ সারং উৎকৃষ্টং গেয়ং অয়ন্ গীতং শৃণ্বন্নিতি ভাবঃ গত্যর্থো জ্ঞানার্থঃ। কীদৃশে রঙ্গে চঞ্চলসারঙ্গে সৌরভ্যাধিক্যেন চঞ্চলাঃ সারঙ্গা ভ্রমরা যত্র তাদৃশে। যদ্বা চঞ্চলসারঙ্গে খেলৎপক্ষিবিশেষে ইত্যর্থঃ। যদ্বা চঞ্চলা গমনাগমনশীলাঃ সারঙ্গা গজা যস্মিন্ তস্মিন্নিত্যর্থঃ। পুনরিয়ং সা দময়ন্তী স্বোচিতপদেষু অস্থিত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। কীদৃশীয়ং অক্ষিতুলিতসারঙ্গা

ঐ সময় তূর্য্যধ্বনি সমুত্থিত হইলে, নল সুরপতি ইন্দ্রের চরণে প্রণাম করিয়া, ভৈমীর উক্তরূপ সংকল্প তাঁহার গোচর করিলেন। সেই ভীম-দুহিতা যে কথা বলিলেন, তাহা শ্রবণ ও মনন করিয়া, নলের অতিমাত্র আহ্লাদ উপনীত হইয়াছিল ॥ ৪৩ ॥

অনন্তর নরপতিবর্গ উৎকৃষ্ট সঙ্গীত শ্রবণ করিতে করিতে, বিবিধ কুসুম-গন্ধে আমোদিত ও ইতস্ততঃ চলমান ভৃঙ্গসমূহে পরিব্যাপ্ত স্বয়ম্বরসভায় ভীম-

ব্যধুরবনামান্যেষু প্রজা নৃপেম্বথ নিবেদ্য নামান্যেষু।
সূতৈর্নামান্যেষু প্রকীর্ত্ত্যমানেষু শোভনামান্যেষু ॥ ৪৫ ॥
সাংগেননলসমানাননলসমানানমুত্র কতিচিৎ পুরুষান্।
নৈপ্রেক্ষত ননলসমানাননলসমানানভূন্ন তেষাম্ভেদঃ ॥ ৪৬ ॥

অথ যেষু প্রজাঃ অবনামান্ ব্যধুঃ এষু নৃপেষু নাম অন্যেষু মান্যেষু নামানি নিবেদ্য সূতৈঃ প্রকীর্ত্ত্যমানেষু শোভনা ॥ ৪৫ ॥

সা অমুত্র অনলসমানান্ লসমানান্ অনলসমানান্ অঙ্গেন নলসমানান্ কতিচিৎ পুরুষান্ ন ৈপ্রেক্ষত ন তেষাং ভেদঃ ন অভূৎ ॥ ৪৬ ॥

অক্ষিভ্যাং তুলিতঃ সারঙ্গো মৃগো যয়া সা। "সারঙ্গশ্চাতকে ভৃঙ্গে কুরঙ্গে চ মতঙ্গজে" ইত্যমরঃ ॥ ৪৪ ॥

ব্যধুরিতি। অথ এষু নৃপেষু রাজসু নামানি নিবেদ্য উক্ত্বা সূতৈর্মাগধৈঃ প্রকীর্ত্ত্যমানেষু স্তূয়মানেষু বন্দিভিঃ কৃতপরিচয়েষু সৎসু। তথা নাম সম্ভাবনায়াং। অন্যেষু মান্যেষু দেবেষু প্রকীর্ত্ত্যমানেষু সৎসু। এষু কেষু যেষু নৃপেষু প্রজাস্তত্রত্যাঃ জনাঃ অবনামান্ নমস্কারান্ ব্যধুশ্চক্রুঃ। শোভনা ভব্যা সা ভৈমী পরেণান্বয়ঃ ॥ ৪৫ ॥

সাঙ্গেন ইতি। অমুত্র স্বয়ংবরে কতিচিৎ পুরুষান্ ন ৈপ্রেক্ষত **ইতি ন কিন্তু** দদর্শ। কীদৃশান্ অনলসমানান্ অগ্নিতুল্যান্। এবং লসমানান্ দেদীপ্যমানান্। এবং অনলসমানান্ ন অলসমানা অনলসমানাং স্তান্। অঙ্গেন

কর্ত্তৃক প্রতিষ্ঠাপিত মঞ্চ-সমূহে সবেগে আরোহণ করিলে, হরিণীর ন্যায় লোচনশালিনী ভীমরাজনন্দিনীও নির্দ্দিষ্ট আসনে অবস্থিতি করিলেন ॥ ৪৪ ॥

ঐ সময়ে বন্দিগণ নামনির্দ্দেশ করিয়া, ঐ সকল মাননীয় নরপতিগণ ও ইন্দ্রাদি দেবগণের স্তবগানে প্রবৃত্ত হইল। তত্রত্য লোক সকল তাঁহাদের সকলকেই প্রণাম করিতে লাগিল ॥ ৪৫ ॥

ভৈমী সেই স্বয়ংবরসভামধ্যে কতিপয় পুরুষকে দর্শন করিলেন। তাঁহারা সকলেই অগ্নি-সদৃশ-প্রভাশালী। সকলেই অতিশয় দীপ্তিবিশিষ্ট।

রুচিকৃতনাসত্যাগাঃ স্ফুরতু নলো যদিচ বচ্মি নাসত্যাগাঃ।
অপি দীনাসত্যাগান্ন্যায়যুতেনৈব বর্ত্মনাসত্যাগা ॥ ৪৭ ॥
যদি বাভাবন্ন্যস্য স্থিতাস্মি নল এব নরবিভাবন্যস্য।
দেবসভাবন্যস্য দ্বিপস্য বপুষো ভবেদ্বিভাবন্যস্য ॥ ৪৮ ॥

যদি চ সতী অসত্যাঃ গাঃ ন বচ্মি দীনা অপি ন্যায়যুতেন বর্ত্মনা এব অগাঃ সত্যাগা রুচি-কৃতনাসত্যাগাঃ নলঃ স্ফুরতু ॥ ৪৭ ॥

বা যদি অন্যস্য ভাবং ন্যস্য নরবিভৌ নলে এব স্থিতা অস্মি অস্য দেবসভাবন্যস্য দ্বিপস্য বপুষঃ বিভা অবনী ভবেৎ ॥ ৪৮ ॥

শরীরেণ নলসমানান্ নলেন সদৃশান্ যতস্তেষাং নলসমানানাং পুরুষাণা-মিন্দ্রাদীনাং ভেদো বিবিচ্য জ্ঞানং নাভূন্ন জাতম্ ॥ ৪৬ ॥

রুচীতি। পরং যদ্যহং সতী সাধ্বী যদ্যহং অসত্যাঃ গাঃ বাণীঃ ন বচ্মি ন বদামি। তথা দীনাপি যদি ন্যায়যুতেনৈব বর্ত্মনা ধর্ম্মমার্গেণৈব অগাং গচ্ছামি। যদ্যহং সত্যাগা ত্যাগেন দানেন সহ বর্ত্তমানা তদা নলঃ স্ফুরতু ইন্দ্রাদিভিন্নত্বেন জ্ঞানবিষয়ো ভবতু। কীদৃশো নলঃ রুচিকৃতনাসত্যাগাঃ রুচ্যা কান্ত্যা কৃতঃ নাসত্যয়োদস্রয়োঃ আগোঽপরাধো যেন দস্রাধিকসুন্দর ইতি যাবৎ ॥ ৪৭ ॥

যদিবেতি। বা সমুচ্চয়ে যদি চেৎ অন্যস্যান্যস্মিন্ পুরুষে ভাবং চিত্তাভি-প্রায়ং ন্যস্য ত্যক্ত্বা। নিপূর্ব্বস্যাসুক্ষেপণ ইত্যস্য ন্যস্যেতি রূপম্। অহং নল এব স্থিতাস্মি তিষ্ঠামি বর্ত্তে তর্হি অস্য নলস্য বপুষঃ শরীরস্য বিভা কান্তিঃ

সকলেই বিশিষ্টরূপ স্ফূর্ত্তিসম্পন্ন এবং সকলেরই শরীর নলের সমান। সুতরাং তাঁহাদের প্রভেদ করিতে পারিলেন না ॥ ৪৬ ॥

তখন তিনি বলিতে লাগিলেন, আমি যদি সতী হই; আমি যদি কখন মিথ্যাবাক্য প্রয়োগ করিয়া না থাকি; আমি যদি নিতান্ত অবসন্ন দশাতেও পতিতা হইয়া, একমাত্র ধর্ম্মমার্গেরই অনুসরণ করিয়া থাকি এবং আমি যদি দান-ধর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকি, তাহা হইলে, যিনি স্বকীয় সৌন্দর্য্য দ্বারা অশ্বিনীকুমারকেও পরাহত করিয়াছেন, সেই নল আমার জ্ঞানবিষয়ে সমাগত হউন ॥ ৪৭ ॥

পুনশ্চ, আমি যদি অন্য পুরুষে কোনরূপে অনুরাগিণী না হইয়া, সকল লোকের প্রভু একমাত্র নলেরই পক্ষপাতিনী হইয়া থাকি, তাহা হইলে,

কৃতভাবাসাবনিতানিতি ভুবমৈক্ষৎ সুরান্ সুবাসাবনিতা।
স্বপতিং বাসাবনিতাচিহ্নং ধার্ম্মিকজনে ধ্রুবাসাবনিতা ॥৪৯॥
স্বরিরংসাদেবাল্যাকুলয়া দৃষ্ট্যার্থিতাপি সাদেবাল্যা।
বপুষি সসাদেবাল্যাদবৃত্ত নলমুপস্থিতং রসাদেবাল্যা ॥৫০॥

ইতি কৃতভাবা সুবাসাঃ অসৌ বনিতা ভুবং অনিতান্ সুরান্ ঐক্ষৎ সাবনিতাচিহ্নং স্বপতিং বা ঐক্ষৎ ধার্ম্মিকজনে যস্য অবনিতা ধ্রুবা আস ॥ ৪৯ ॥

দেবাল্যা অর্থিতা অপি অল্যাকুলয়া দৃষ্ট্যা স্বরিরংসাদা ইব সা বাল্যাৎ বপুষি সসাদে আল্যা রসাৎ এব উপস্থিতং নলং অবৃত্ত ॥ ৫০ ॥

অবনী রক্ষিকা ভবেৎ ভবতু। কীদৃশে নলে নরবিভৌ নরাণাং বিভুর্নরবিভুস্তস্মিন্। কীদৃশস্য বপুষঃ দেবসভাবন্যস্য দ্বিপস্য দেবানাং সভৈব বনং তত্রোৎপন্নস্য দ্বিপস্য হস্তিনঃ। অন্যোপি দ্বিপো বন্যো ভবতি ॥ ৪৮ ॥

কৃতেতি। অসৌ বনিতা ভৈমী ভুবং অনিতান্ অপ্রাপ্তান্ গত্যর্থাৎ ইনধাতোঃ ক্তঃ কর্ত্তরীতি ইতঃ ন ইতঃ অনিতঃ তান্ অনিতান্ ভুবি স্পর্শরহিতান্ সুরান্ দেবান্ ঐক্ষৎ অপশ্যৎ। কথংভূতা সা ইত্যনেন প্রকারেণ কৃতভাবা কৃতো ভাবশ্চিত্তাভিপ্রায়ো যয়া সা। এবং সুবাসাঃ সুষ্ঠ শোভনং বাসো বস্ত্রং যস্যাঃ সা। বা শব্দশ্চার্থঃ চ পুনঃ স্বপতিং নলং ঐক্ষৎ। কীদৃশং স্বপতিং অবন্যা সহ বর্ত্তমানঃ সাবনিঃ তস্য ভাবঃ সাবনিতা সৈব চিহ্নং যস্য তং ভূমিযুক্তপাদত্বাৎ দেবভিন্নত্বেন অপশ্যদিত্যর্থঃ। দেবানান্তু তদ্রাহিত্যং স্বাভাবিকং। তং কং যস্য নলস্য অবনিতা অবনং রক্ষণমস্যাস্তীত্যবনী অবনিনো ভাবোঽবনিতা রক্ষণবত্তা ধার্ম্মিকজনে সাধুনি জনে ধ্রুবা নিশ্চিতা আস ভবতি স্ম আসেতি বভূবার্থেঽব্যয়ম্ ॥ ৪৯ ॥

স্বেতি। সা ভৈমী আল্যা সখ্যা করণেন রসাদেব প্রীতেরেব তং নল-

দেবসভারূপ কাননে সমুৎপন্ন হস্তী স্বরূপ সেই নলশরীরের কান্তিই অদ্য আমারে রক্ষা করুক ॥ ৪৮ ॥

সুশোভন-বসন-ধারিণী দময়ন্তী ঐরূপে কৃতনিশ্চয়া হইয়া, অবলোকন করিলেন, দেবগণ ভূমি স্পর্শ না করিয়াই, অবস্থিতি করিতেছেন। আর, যিনি ধার্ম্মিকদিগকে নিশ্চয়ই রক্ষা করিয়া থাকেন, আপনার পতি সেই নল ভূমি স্পর্শ করিয়া রহিয়াছেন ॥ ৪৯ ॥

দেবগণ প্রার্থনা করিলেও, ভৈমী তাঁহাদিগকে প্রত্যাখ্যান করিয়া,

সৎসদসোমাননযা রুদ্রসমো যঃ স্বতেজসোমাননযা।
প্রবৃতঃ সোমাননযা নলো বভৌ ভুবি গুণেন সোমাননযা॥৫১॥

যা স্বতেজসা উমা ন ন অনয়া সোমাননয়া প্রবৃতঃ সঃ নলঃ বভৌ যঃ সৎসদসঃ মাননয়া রুদ্রসমঃ ভুবি গুণেন অমান্॥ ৫১॥

মবৃত্ত অবৃণুত। কীদৃশং নলং উপস্থিতং সমীপে তিষ্ঠন্তম্। কস্মিন্ সতি বাল্যাৎ বাল্যমারভ্য বালা নবযৌবনা তস্যা ভাবো বাল্যং তস্মাৎ বাল্যাদ্ধেতোর্বা বপুষি সসাদে সতি সখেদে সতি। কীদৃশী সা দেবাল্যা দেবপংক্ত্যা অর্থিতাপি যাচিতাপি। এবং দৃষ্ট্যা দৃশা স্বরিরংসাদা ইব স্বস্য রিরংসা রন্তুমিচ্ছা তাং দদাতীতি স্বক্রীড়াপ্রদা ইব। কীদৃশা দৃষ্ট্যা অল্যাকুলয়া ভ্রমরবচ্চঞ্চলয়া॥ ৫০॥

সদিতি। স নলো বভৌ শুশুভে। কীদৃশঃ অনয়া সোমাননয়া চন্দ্রবদনয়া ভৈম্যা প্রবৃতঃ পতিত্বেন স্বীকৃতঃ। স কঃ যঃ সৎসদসঃ সতাং দেবানাং সাধূনাং বা যৎ সদঃ সভা তস্যাঃ যা মাননা তয়া উপলক্ষিতঃ বিশেষণে তৃতীয়া। তথা রুদ্রসমঃ শিবসদৃশঃ রুদ্রাংশত্বাৎ। অনয়া কয়া যা স্বতেজসা পাতিব্রত্যেন উমা নেতি ন কিন্তূমৈব এতেন শিবপার্ব্বতীযোগোপি বর্ণিতঃ। কীদৃশো নলঃ গুণেন শৌর্য্যাদিনা ভুবি পৃথিব্যাং অমান্ ন মাতি ইতি অমান্ অধিকগুণ ইত্যর্থঃ॥ ৫১॥

সখীসহায়ে পরম প্রীতিভরে সমীপে অধিষ্ঠিত নলকেই বরণ করিলেন। নবযৌবনের আবির্ভাববশতঃ তাঁহার শরীরে অবসাদ উপস্থিত হইয়াছিল। তাহাঁর দৃষ্টি ভ্রমরের ন্যায় চঞ্চল। তদ্দ্বারা তিনি যেন আপনার বিহারবাসনা নলকে জানাইতে লাগিলেন॥ ৫০॥

চন্দ্রবদনা ভৈমী পতিত্বে বরণ করিলে, নলের অতিমাত্র শোভার আবির্ভাব হইল। দেবসভা তাহাঁরে সবিশেষ সম্মাননা করিয়া থাকেন। তিনি যেমন রুদ্রের সমান, দময়ন্তী তদ্রূপ সাক্ষাৎ উমাসদৃশী। অধিক কি, পৃথিবীতে নলের শৌর্য্যাদিগুণপরম্পরার উপমা নাই॥ ৫১॥

মদদম্ভাবরমস্যজজ্জ্ঞাত্বাথ মনোগুরুপ্রভাবরমস্য।
সুরবৃষভাবরমস্য প্রদিশ্য জগ্মুর্গতপ্রভাবরমস্য ॥ ৫২ ॥
গুরুমহিমাপরমায়াস্তম্ভী নল এষ বসতিমাপরমায়াঃ।
প্রিয়য়ামাপরমায়াঃ স্বপুরমগুর্যত্র তং ক্ষমাপরমায়াঃ ॥৫৩॥

অথ সুরবৃষভাঃ গুরুপ্রভাবরমস্য গতপ্রভাবরমস্য অস্য মনঃ মদদম্ভৌ অরং অস্যৎ জ্ঞাত্বা বরং প্রদিশ্য জগ্মুঃ ॥ ৫২ ॥

এষঃ গুরুমহিমা পরমায়াস্তম্ভী নলঃ প্রিয়য়া অমা পরমায়াঃ রমায়াঃ বসতিং স্বপুরং আপ যত্র আয়াঃ ক্ষমাপরং তং অগুঃ ॥ ৫৩ ॥

